

# এস এস সি ফিন্যান্স ও ব্যাংকিং

## অধ্যায়-৬: মূলধন ব্যয়

**প্রশ্ন ১** আলাউল কোম্পানি লি. ১০ শতাংশ অগ্রাধিকার শেয়ার ইস্যু করে। প্রতিটি শেয়ারের লিখিত মূল্য ১,২০০ টাকা এবং প্রতিটি শেয়ার বিক্রি থেকে প্রাপ্ত অর্থ ১,০০০ টাকা।

(সকল বোর্ড ২০১৮ ● প্রশ্ন-৫)

- কর সমন্বয়কৃত ঋণ মূলধন ব্যয়ের সূত্রটি লিখ। ১
- মূলধন ব্যয় বলতে কী বোঝায়? ২
- আলাউল কোম্পানি লি.-এর অগ্রাধিকার শেয়ারের ব্যয় নির্ণয় করো। ৩
- আলাউল কোম্পানি যদি প্রতিটি শেয়ার লিখিত মূল্যে বিক্রয় করতে পারে তাহলে উক্ত কোম্পানির শেয়ার ব্যয়ে কি কোনো পার্থক্য হবে? সিম্বান্ত দাও। ৪

### ১ নং প্রশ্নের উত্তর

**ক** কর-সমন্বয়কৃত ঋণ মূলধন ব্যয়ের সূত্রটি হলো—

কর-সমন্বয়কৃত ঋণ মূলধন ব্যয় = করপূর্ব ঋণ মূলধন ব্যয় × (১ - কর হার)।

**সহায়ক তথ্য**

প্রতিষ্ঠান ঋণ হিসেবে যে সুদ পরিশোধ করে তা করপূর্ব মুনাফা থেকে বাদ দিয়ে করযোগ্য মুনাফা নির্ধারণ করা হয়। ফলে প্রতিষ্ঠানকে কম অর্থ কর দিতে হয়।

**খ** বিনিয়োগকারীদের প্রত্যাশিত ন্যূনতম আয়ের হারকে মূলধন ব্যয় বলা হয়।

কোনো প্রকল্পের মূলধন ব্যয়ের থেকে বেশি হারে আয় করতে পারলে প্রকল্পটি লাভজনক বিবেচিত হয়। মূলধন ব্যয় ছাড়া বিনিয়োগ প্রকল্প মূল্যায়ন সম্ভব নয়। মূলধনের যেসব উৎসের ব্যয় সর্বনিম্ন ঐ উৎসগুলো থেকে মূলধন সংগ্রহ করা হয়। কারণ কম মূলধন ব্যয় বিনিয়োগের মুনাফাকে বৃদ্ধি করে।

**গ** আলাউল কোম্পানি লি.-এর অগ্রাধিকার শেয়ারের ব্যয় নির্ণয় :  
আমরা জানি,

অগ্রাধিকার শেয়ারের ব্যয় =  $\frac{\text{শেয়ার মালিকদের প্রত্যাশিত লভ্যাংশ}}{\text{শেয়ার বিক্রি থেকে প্রাপ্ত অর্থ}} \times ১০০$

এখানে, শেয়ার মালিকদের প্রত্যাশিত লভ্যাংশ = ১,২০০ × ১০%  
= ১২০ টাকা।

শেয়ার বিক্রি থেকে প্রাপ্ত অর্থ = ১,০০০ টাকা।

∴ অগ্রাধিকার শেয়ারের ব্যয় =  $\frac{১২০}{১,০০০} \times ১০০ = ১২\%$ ।

অতএব, আলাউল কোম্পানি লি.-এর অগ্রাধিকার শেয়ারের ব্যয় ১২%।

**উত্তর: ১২%।**

**ঘ** আলাউল কোম্পানি যদি প্রতিটি শেয়ার লিখিত মূল্যে বিক্রি করতে পারে, তাহলে কোম্পানির অগ্রাধিকার শেয়ার ব্যয়ে কোনো পার্থক্য হবে কি না তা গাণিতিকভাবে নির্ণয় করা হলো—

আমরা জানি,

অগ্রাধিকার শেয়ারের ব্যয় =  $\frac{\text{শেয়ার মালিকদের প্রত্যাশিত লভ্যাংশ}}{\text{শেয়ার বিক্রি থেকে প্রাপ্ত অর্থ}} \times ১০০$

এখানে, শেয়ার মালিকদের প্রত্যাশিত লভ্যাংশ = ১২০ টাকা।

শেয়ার বিক্রি থেকে প্রাপ্ত অর্থ = ১,২০০ টাকা।

∴ অগ্রাধিকার শেয়ারের ব্যয় =  $\frac{১২০}{১,২০০} \times ১০০ = ১০\%$ ।

সুতরাং, আলাউল কোম্পানি যদি প্রতিটি শেয়ার লিখিত মূল্যে বিক্রি করে তবে শেয়ারের ব্যয় হবে ১০%। অন্যদিকে, লিখিত মূল্যের চেয়ে কম মূল্যে অর্থাৎ ১,০০০ টাকায় বিক্রি করলে শেয়ারের ব্যয় হবে ১২%। এক্ষেত্রে দেখা যাচ্ছে, লিখিত মূল্যে শেয়ারটি বিক্রি করলে আলাউল কোম্পানির শেয়ার ব্যয়ে পরিবর্তন আসবে।

**প্রশ্ন ২** ক্রিয়েটিভ কোং লিমিটেড সাধারণ শেয়ার বিক্রয়ের মাধ্যমে মূলধন সংগ্রহ করে। প্রতিষ্ঠানটি বছর শেষে মুনাফার সম্পূর্ণ অংশ শেয়ার হোল্ডারদের মধ্যে বন্টন না করে কিছু অংশ প্রতিষ্ঠানে রেখে দেয়। বর্তমান বছরে প্রতিষ্ঠানটি শেয়ার প্রতি ১৬ টাকা হারে লভ্যাংশ ঘোষণা করে এবং আগামী বছরগুলোতে এ লভ্যাংশ ৮% হারে বৃদ্ধি পাবে বলে প্রত্যাশা করে। কোম্পানির প্রতিটি শেয়ারের বর্তমান বাজার মূল্য ১৪০ টাকা।

(সকল বোর্ড ২০১৭ ● প্রশ্ন-৬)

- কোন শেয়ারকে প্রবর্তকের শেয়ার বলে অভিহিত করা হয়? ১
- কোন ধরনের লভ্যাংশ দ্বারা কোম্পানির শেয়ার সংখ্যা বৃদ্ধি পায়? ব্যাখ্যা করো। ২
- 'ক্রিয়েটিভ লিমিটেড'-এর সাধারণ শেয়ারের মূলধন ব্যয় বর্ণনা করো। ৩
- প্রতিষ্ঠানটির মুনাফার সম্পূর্ণ অংশ শেয়ারহোল্ডারদের মধ্যে বন্টন না করার যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

### ২ নং প্রশ্নের উত্তর

**ক** বিলম্বিত শেয়ারকে প্রবর্তকের শেয়ার বলে অভিহিত করা হয়।

**সহায়ক তথ্য**

যে শেয়ার ক্রয় করলে শেয়ারমালিকগণ অন্যান্য সকল প্রকার শেয়ার মালিকদের লভ্যাংশ প্রদানের পর আনুপাতিক হারে লভ্যাংশ পায় অর্থাৎ বিলম্বিত লভ্যাংশ পেয়ে থাকে তাকে বিলম্বিত শেয়ার বলে। কোম্পানি অবসায়নের ক্ষেত্রে এ ধরনের শেয়ারহোল্ডারদের দাবি সকলের পরে মেটানো হয়। সাধারণত কোম্পানির প্রবর্তকগণ এ ধরনের শেয়ার ক্রয় করে থাকে বলে একে প্রবর্তকের শেয়ার বলে অভিহিত করা হয়।

**খ** কোম্পানির ইস্যুকৃত শেয়ারের ওপর স্টক লভ্যাংশ প্রদান করলে কোম্পানির শেয়ার সংখ্যা বৃদ্ধি পায়।

কোম্পানির লভ্যাংশ নীতি অনুযায়ী, কোম্পানি অনেক সময় নগদ লভ্যাংশের পরিবর্তে বা নগদ লভ্যাংশের পাশাপাশি স্টক লভ্যাংশ প্রদান করে। এক্ষেত্রে শেয়ারহোল্ডারদের বর্তমান শেয়ার সংখ্যার ওপর আনুপাতিক হারে স্টক লভ্যাংশ প্রদান করা হয়, যা শেয়ারের সংখ্যা বৃদ্ধি করে।

**সহায়ক তথ্য**

**স্টক লভ্যাংশ :** কোম্পানি অনেক সময় নগদ লভ্যাংশের পরিবর্তে অথবা নগদ লভ্যাংশের পাশাপাশি স্টক লভ্যাংশ দিয়ে থাকে। কোম্পানি সাধারণত বর্তমানে ইস্যুকৃত শেয়ারের ওপর আনুপাতিক হারে স্টক লভ্যাংশ দিয়ে থাকে। এতে কোম্পানির শেয়ারের সংখ্যা বৃদ্ধি পায়। মনে করি, ABC কোম্পানির প্রতিটি ১০ টাকা মূল্যের ১ কোটি শেয়ার আছে। কোম্পানি ৫০ শতাংশ বা ২ : ১ অনুপাতে স্টক লভ্যাংশ ঘোষণা করে। এতে কোম্পানির কোন বিনিয়োগকারীর বর্তমানে ৫০০টি শেয়ার থাকলে স্টক লভ্যাংশ পাবার পর তার শেয়ার সংখ্যা হবে ৫০০ + (৫০০ × ৫০%) = ৫০০ + ২৫০ = ৭৫০টি।

**গ** 'ক্রিয়েটিভ লিমিটেড'-এর সাধারণ শেয়ারের মূলধন ব্যয় নির্ণয়:  
আমরা জানি,

সাধারণ শেয়ারের মূলধন ব্যয় =  $\left\{ \frac{\text{লভ্যাংশ}_১}{\text{শেয়ারমূল্য}_০} + \text{বৃদ্ধির হার} \right\} \times ১০০$

দেয়া আছে,

শেয়ারমূল্য<sub>০</sub> = শেয়ারের বর্তমান বাজারমূল্য = ১৪০ টাকা।

লভ্যাংশ<sub>১</sub> = বছর শেষে প্রত্যাশিত লভ্যাংশ

= লভ্যাংশ<sub>০</sub> (১ + বৃদ্ধির হার)

= ১৬ (১ + ০.০৮)

লভ্যাংশ<sub>০</sub> = বর্তমান বছরের লভ্যাংশ = ১৬ টাকা

= বৃদ্ধির হার ৮% বা ০.০৮

∴ সাধারণ শেয়ারের মূলধন ব্যয় =  $\left\{ \frac{১৭.২৮}{১৪০} + ০.০৮ \right\} \times ১০০$

= ০.২০৩৪৩ × ১০০ = ২০.৩৪%

**উত্তর: ২০.৩৪%**



উদীপকে 'ক্রিয়েটিভ লিমিটেড'-এর মুনাফার সম্পূর্ণ অংশ শেয়ারহোল্ডারদের মধ্যে বন্টন না করে কিছু অংশ অবশিষ্ট মুনাফা হিসেবে প্রতিষ্ঠানে রাখার কথা বলা হয়েছে।

নিট মুনাফার যে অংশ শেয়ারহোল্ডারদের মধ্যে বন্টন না করে প্রতিষ্ঠানে বিনিয়োগ করা হয়, তা-ই অবশিষ্ট মুনাফা। অবশিষ্ট মুনাফা থেকে প্রতিষ্ঠান সঞ্চিত তহবিল, লভ্যাংশ সমতাকরণ তহবিল ইত্যাদি সৃষ্টি করতে পারে। এর ফলে প্রতিষ্ঠানের ভবিষ্যৎ আর্থিক বিপর্যয় মোকাবিলা করা সম্ভব।

উদীপকে ক্রিয়েটিভ কোং লিমিটেড সাধারণ শেয়ার বিক্রির মাধ্যমে মূলধন সংগ্রহ করে। বছর শেষে প্রতিষ্ঠানটি যে মুনাফা অর্জন করে তার সম্পূর্ণ অংশ শেয়ারহোল্ডারদের মধ্যে বন্টন করেনি। প্রতিষ্ঠানটি তার মুনাফার কিছু অংশ অবশিষ্ট মুনাফা হিসেবে সংরক্ষণ করে।

ক্রিয়েটিভ কোং লিমিটেড অবশিষ্ট মুনাফা ব্যবহার করে সঞ্চিত তহবিল সৃষ্টি করতে পারবে। এতে ভবিষ্যৎ আর্থিক বিপর্যয় মোকাবিলা করা সম্ভব হবে। আবার প্রতিষ্ঠান যদি লভ্যাংশ সমতাকরণ তহবিল সৃষ্টি করে তাহলে যে বছর প্রতিষ্ঠানের মুনাফা অপ্রতুল হবে সে বছর শেয়ারহোল্ডারদের লভ্যাংশ প্রদান করতে পারবে। এতে প্রতিষ্ঠানের সুনাম অক্ষুণ্ণ থাকবে। এছাড়াও ভবিষ্যতে ব্যবসায় সম্প্রসারণ ও উৎপাদনশীল খাতে বিনিয়োগের ক্ষেত্রে অবশিষ্ট মুনাফা কার্যকর ভূমিকা পালন করবে। তাই বলা যায়, প্রতিষ্ঠানটির মুনাফার সম্পূর্ণ অংশ শেয়ারহোল্ডারদের মধ্যে বন্টন না করার সিদ্ধান্তটি অধিক যৌক্তিক হয়েছে।

**প্রঃ ৩** গ্লোবাল ইন্টারন্যাশনাল কোম্পানি লিমিটেডের সাধারণ শেয়ার ও অগ্রাধিকার শেয়ারের বাজারমূল্য যথাক্রমে ২৫০ টাকা ও ১৫০ টাকা। কোম্পানি এ বছর সাধারণ শেয়ার মালিকদের প্রতি শেয়ারে ১৫ টাকা লভ্যাংশ প্রদান করেছে এবং অতীতে কোম্পানি কর্তৃক প্রদত্ত লভ্যাংশ ৫% হারে বৃদ্ধি পেয়েছে। অগ্রাধিকার শেয়ারের লভ্যাংশের হার ১৬%। জনাব আলম উক্ত কোম্পানিতে বিনিয়োগের চিন্তা-ভাবনা করছেন।

[সকল বোর্ড ২০১৬ • প্রশ্ন-৪]

- কাম্য ঋণনীতি কী? ১
- শেয়ারহোল্ডারদের মধ্যে বন্টনকৃত মুনাফার অংশটি কী? ব্যাখ্যা করো। ২
- গ্লোবাল ইন্টারন্যাশনাল কোম্পানির অগ্রাধিকার শেয়ারের ব্যয় নিরূপণ করো। ৩
- জনাব আলমের জন্য কোন শেয়ারে বিনিয়োগ করা অধিক লাভজনক? বিশ্লেষণ করো। ৪

### ৩ নং প্রশ্নের উত্তর

যে মূলধন কাঠামোতে তহবিল সংগ্রহের ব্যয় সর্বনিম্ন তাকে কাম্য ঋণনীতি বলে।

শেয়ারহোল্ডারদের মধ্যে বন্টনকৃত মুনাফার অংশটি হলো লভ্যাংশ। প্রতিষ্ঠান তার লাভ বা মুনাফার একটি অংশ ভবিষ্যতে অর্থায়নের জন্য সংরক্ষণ করে, এর বাকি অংশ শেয়ার মালিকদের মধ্যে বন্টন করে। শেয়ার মালিকদের মধ্যে বন্টনকৃত এ অংশকেই লভ্যাংশ বলা হয়। কোম্পানি সাধারণত দুইভাবে লভ্যাংশ দিতে পারে। প্রথমত, নগদ লভ্যাংশ এবং দ্বিতীয়ত, স্টক (শেয়ার) লভ্যাংশ বা বোনাস (অধিবৃত্তি) শেয়ার।

গ্লোবাল ইন্টারন্যাশনাল কোম্পানির অগ্রাধিকার শেয়ারের ব্যয় নির্ণয়: আমরা জানি,

$$\begin{aligned} \text{অগ্রাধিকার শেয়ারের ব্যয়} &= \frac{\text{শেয়ার মালিকদের প্রত্যাশিত লভ্যাংশ}}{\text{শেয়ার বিক্রি থেকে প্রাপ্ত অর্থ}} \times 100 \\ &= \frac{16}{150} \times 100 \\ &= 10.67\% \end{aligned}$$

উত্তর: অগ্রাধিকার শেয়ারের ব্যয় ১০.৬৭%।

জনাব আলমের জন্য কোন শেয়ারে বিনিয়োগ করা অধিক লাভজনক তা জানার জন্য উভয় শেয়ারের ব্যয় নির্ণয় করতে হবে।

সাধারণ শেয়ারের ব্যয় নির্ণয়:

আমরা জানি,

সাধারণ শেয়ার মূলধন ব্যয়

$$\begin{aligned} &= \left\{ \frac{\text{লভ্যাংশ}}{\text{শেয়ার মূল্য}} + \text{বৃদ্ধির হার} \right\} \times 100 \\ &= \left\{ \frac{15.95}{250} + 0.05 \right\} \times 100 \\ &= 11.38\% \end{aligned}$$

$$\begin{aligned} \text{এখানে,} \\ \text{লভ্যাংশ} &= \text{লভ্যাংশ}_0 (1 + \text{বৃদ্ধির হার}) \\ &= 15(1 + 0.05) \\ &= 15.75 \text{ টাকা} \\ \text{শেয়ার মূল্য}_0 &= 250 \text{ টাকা} \\ \text{বৃদ্ধির হার} &= 0.05 \end{aligned}$$

উদীপকে জনাব আলম গ্লোবাল ইন্টারন্যাশনাল কোম্পানি লি.-এ বিনিয়োগের চিন্তা-ভাবনা করছেন। এক্ষেত্রে কোম্পানির অগ্রাধিকার শেয়ারের মূলধন ব্যয় ১০.৬৭% এবং সাধারণ শেয়ারের মূলধন ব্যয় ১১.৩০%। তবে বিনিয়োগের ক্ষেত্রে সাধারণ শেয়ারে বিনিয়োগ জনাব আলমের জন্য অধিক লাভজনক। কারণ এক্ষেত্রে যে হার গ্লোবাল ইন্টারন্যাশনালের জন্য মূলধন ব্যয়, বিনিয়োগকারী হিসেবে জনাব আলমের জন্য তা প্রত্যাশিত মুনাফার হার। সাধারণত একজন বিনিয়োগকারী অধিক মুনাফার হারই পছন্দ করেন। তাই সাধারণ শেয়ারের ব্যয় অধিক হওয়ায় জনাব আলমের জন্য তা বেশি লাভজনক।

**প্রঃ ৪** দারাজ ডট কম একটি পাবলিক লিমিটেড কোম্পানি যার মোট মূলধন ৮,০০,০০০ টাকা। সাধারণ শেয়ার ব্যয় ১২% এবং কর সমন্বয়কৃত ঋণ মূলধন ব্যয় ১০%। মূলধন বিভিন্ন উৎসের স্তর বিন্যাস নিম্নরূপ:

উৎস	পরিমাণ টাকা
সাধারণ শেয়ার	৪,০০,০০০
১০% অগ্রাধিকার শেয়ার	২,০০,০০০
ঋণপত্র	২,০০,০০০

অগ্রাধিকার শেয়ারের লিখিত মূল্য ১০০ টাকা এবং বাজারমূল্য ১১০ টাকা। কোম্পানি কর হার ৩৫%।

[রাজস্ব উত্তরা মডেল কলেজ, ঢাকা • প্রশ্ন-৩]

- মূলধন কাঠামো কাকে বলে? ১
- সংরক্ষিত আয়ের সুযোগ ব্যয় কী? ২
- অগ্রাধিকার শেয়ার ব্যয় (Kp) নির্ণয় করো। ৩
- কোম্পানির গড় মূলধন ব্যয় নির্ণয় করো। ৪

### ৪ নং প্রশ্নের উত্তর

কাম্য পরিমাণ ঋণ ও শেয়ার মূলধনের মিশ্রণকে মূলধন কাঠামো বলে।

অর্থের অন্যত্র বিনিয়োগে প্রাপ্ত আয় থেকে বঞ্চিত হওয়াকেই সংরক্ষিত আয়ের সুযোগ ব্যয় বলা হয়।

উদাহরণস্বরূপ, কোনো কোম্পানি অর্জিত মুনাফার সম্পূর্ণ অংশই শেয়ার মালিকদের বন্টন না করে ব্যবসাতে বিনিয়োগ করলো। যদি শেয়ার মালিকরা এই অর্থ অন্যত্র বিনিয়োগ করে ১০% হারে আয়ে করতে পারে, তাহলে এই ১০% ই হবে কোম্পানির সংরক্ষিত আয়ের সুযোগ ব্যয়।

অগ্রাধিকার শেয়ার ব্যয় নির্ণয়:

দেওয়া আছে,

অগ্রাধিকার শেয়ারের লিখিত মূল্য = ১০০ টাকা

∴ শেয়ার মালিকদের প্রত্যাশিত লভ্যাংশ = ১০০ × ১০% = ১০ টাকা  
প্রতি শেয়ারের বাজারমূল্য বা বিক্রয়মূল্য = ১১০ টাকা



আমরা জানি,

$$\begin{aligned}\text{অগ্রাধিকার শেয়ারের ব্যয়} &= \frac{\text{প্রত্যাশিত লভ্যাংশ}}{\text{শেয়ারের বাজারমূল্য}} \times 100 \\ &= \frac{10}{110} \times 100 \\ &= 0.0909 \times 100 \\ &= 9.09\%\end{aligned}$$

অতএব, অগ্রাধিকার শেয়ারের ব্যয় ৯.০৯%।

উত্তর : ৯.০৯%।

ঘ গড় মূলধন ব্যয় নির্ণয় :

$$\text{সাধারণ শেয়ার মূলধনের ভার} = \frac{8,00,000}{8,00,000} = 0.5$$

$$\text{অগ্রাধিকার শেয়ার মূলধনের ভার} = \frac{2,00,000}{8,00,000} = 0.25$$

$$\text{ঋণ মূলধনের ভার} = \frac{2,00,000}{8,00,000} = 0.25$$

দেওয়া আছে,

সাধারণ শেয়ার মূলধন ব্যয় = ১২%

কর-সম্বন্ধকৃত ঋণ মূলধন ব্যয় = ১০%

অগ্রাধিকার শেয়ার মূলধন ব্যয় = ৯.০৯% [গ থেকে পাওয়া]

অতএব,

$$\begin{aligned}\text{গড় মূলধন ব্যয়} &= (12 \times 0.5) + (10 \times 0.25) + (9.09 \times 0.25) \\ &= (6 + 2.5 + 2.27) \\ &= 10.77\%\end{aligned}$$

সুতরাং কোম্পানির গড় মূলধন ব্যয় ১০.৭৭%।

উত্তর : ১০.৭৭%।

**প্রঃ ৫** একটি কোম্পানির ঋণকৃত মূলধন ৪,০০,০০০ টাকা এবং সাধারণ শেয়ার মূলধন ৬,০০,০০০ টাকা। ঋণকৃত মূলধনের সুদের হার ১৫% এবং করহার ৩০%। সাধারণ শেয়ারের বাজার দর ১৫০ টাকা। কোম্পানি এ বছর সাধারণ শেয়ার মালিকদের প্রতি শেয়ারে ১৫ টাকা লভ্যাংশ প্রদান করেছে এবং অতীতে কোম্পানি কর্তৃক পদত লভ্যাংশ ৭% হারে বৃদ্ধি পেয়েছে। *[আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা ● প্রঃ-৫/]*

- কাম্য ঋণনীতি কী? ১
- সাধারণ শেয়ার মূলধনের ব্যয় নির্ধারণ অন্যান্য উৎসের ব্যয় নির্ধারণ থেকে আলাদা কেন? ব্যাখ্যা করো। ২
- কোম্পানিটির সাধারণ শেয়ার মূলধন ব্যয় নির্ণয় করো। ৩
- কোম্পানিটির গড় মূলধন ব্যয় নির্ণয় করো। ৪

**৫ নং প্রশ্নের উত্তর**

**ক** মোট মূলধনের কত অংশ ঋণ থেকে সংগ্রহ করা হবে সে সংক্রান্ত নীতিকে কাম্য ঋণনীতি বলে।

**খ** সাধারণ শেয়ার স্বতন্ত্র বৈশিষ্ট্যের জন্য এ মূলধনের ব্যয় নির্ধারণ অন্যান্য উৎসের ব্যয় নির্ধারণ থেকে আলাদা হয়ে থাকে।

ঋণ মূলধন এ অগ্রাধিকার শেয়ারের মত কোম্পানি সাধারণ শেয়ারের উপর সব সময় লভ্যাংশ দিতে বাধ্য নয়। লভ্যাংশ দিলেও প্রদত্ত লভ্যাংশের হার সব সময় সমান থাকে না। এ দুটি কারণে সাধারণ শেয়ারের ব্যয় নির্ণয় করা অন্যান্য মূলধনের ব্যয় নির্ধারণ থেকে আলাদা হয়।

**ঘ** উদ্দীপকের কোম্পানিটির সাধারণ শেয়ার মূলধন ব্যয় নির্ণয়:

আমরা জানি, স্থির লভ্যাংশ বৃদ্ধি পদ্ধতিতে,

$$\text{সাধারণ শেয়ারের মূলধন ব্যয়} = \left( \frac{\text{লভ্যাংশ}}{\text{শেয়ারের বাজার মূল্য}} + \text{বৃদ্ধির হার} \right) \times 100$$

এখানে,

$$\begin{aligned}\text{লভ্যাংশ} &= \text{শেয়ার প্রতি লভ্যাংশ} \times (1 + \text{লভ্যাংশ বৃদ্ধির হার}) \\ &= 15 \times (1 + 0.09) \text{ টাকা} \\ &= 16.05 \text{ টাকা}\end{aligned}$$

সাধারণ শেয়ারের বাজারমূল্য = ১৫০ টাকা

লভ্যাংশ বৃদ্ধির হার = ৭% বা ০.০৭

শেয়ার প্রতি লভ্যাংশ = ১৫ টাকা

$$\begin{aligned}\therefore \text{সাধারণ শেয়ারের ব্যয়} &= \left( \frac{16.05}{150} + 0.09 \right) \times 100 \\ &= (0.107 + 0.09) \times 100 \\ &= 0.197 \times 100 \\ &= 19.70\%\end{aligned}$$

সুতরাং উদ্দীপকের কোম্পানির সাধারণ শেয়ারের ব্যয় ১৭.৭০%।

উত্তর : ১৭.৭০%

**ঘ** উদ্দীপকের কোম্পানির গড় মূলধন ব্যয় নির্ণয় :

দেওয়া আছে,

ঋণকৃত মূলধন = ৪,০০,০০০ টাকা

সাধারণ শেয়ার মূলধন = ৬,০০,০০০ টাকা

$$\begin{aligned}\therefore \text{মোট মূলধন} &= (8,00,000 + 6,00,000) \text{ টাকা} \\ &= 10,00,000 \text{ টাকা}\end{aligned}$$

$$\begin{aligned}\therefore \text{ঋণকৃত মূলধনের ভার} &= \frac{\text{ঋণকৃত মূলধন}}{\text{মোট মূলধন}} \\ &= \frac{8,00,000}{10,00,000} \\ &= 0.80\end{aligned}$$

$$\therefore \text{সাধারণ শেয়ারের ভার} = \frac{\text{সাধারণ শেয়ার মূলধন}}{\text{মোট মূলধন}}$$

$$\begin{aligned}&= \frac{6,00,000}{10,00,000} \\ &= 0.60\end{aligned}$$

সাধারণ শেয়ারের ব্যয় = ১৭.৭০%

[গ হতে প্রাপ্ত]

$$\begin{aligned}\text{কর-সম্বন্ধকৃত ঋণ মূলধনের ব্যয়} &= \text{সুদের হার} \times (1 - \text{কর হার}) \\ &= 15 \times (1 - 0.30) \\ &= (15 \times 0.70)\% \\ &= 10.5\%\end{aligned}$$

এখানে,

সুদের হার = ১৫%

কর হার = ৩০% বা ০.৩০

$$\begin{aligned}\therefore \text{গড় মূলধন ব্যয়} &= (19.70 \times 0.60) + (10.5 \times 0.80) \\ &= (10.62 + 8.2)\% \\ &= 18.82\%\end{aligned}$$

সুতরাং, উদ্দীপকের কোম্পানির গড় মূলধন ব্যয় = ১৮.৮২%

উত্তর : ১৮.৮২%

**প্রঃ ৬** করিম লিমিটেড-এর ৫০ লক্ষ টাকার মূলধনের মধ্যে সাধারণ শেয়ার ৬০%, ১২% অগ্রাধিকার শেয়ার ৩০% এবং অবশিষ্ট ঋণ মূলধন। কোম্পানির ১০ টাকা মূল্যের সাধারণ শেয়ার ১৫ টাকায় বিক্রি হচ্ছে এবং ঋণের ব্যয় ১৮%। কর হার ৩০%। চলতি বছর কোম্পানি ১৩% লভ্যাংশ ঘোষণা করে যা প্রতিবছর ৭% হারে বৃদ্ধি পাবে।

*[ঢাকা কলেজিয়েট স্কুল ● প্রঃ-৬/]*

- মূলধন ব্যয় নির্ণয়ের সহজ পদ্ধতি কোনটি? ১
- অর্থায়নের অভিনব পদ্ধতিটি ব্যাখ্যা করো। ২
- কোম্পানির সাধারণ শেয়ারের ব্যয় নির্ণয় করো। ৩
- করিম লিমিটেডের গড় মূলধন ব্যয় নির্ণয় করো। ৪



### ৬ নং প্রশ্নের উত্তর

ক. মূলধন ব্যয় নির্ণয়ে সবচেয়ে সহজ পদ্ধতি হলো শূন্য লভ্যাংশ বৃদ্ধি পদ্ধতি।

খ. লিজিং অর্থায়নের একটি অভিনব পদ্ধতি।

যে পদ্ধতিতে সম্পত্তি সরাসরি ক্রয় না করে নির্দিষ্ট ভাড়ার বিনিময়ে ব্যবহার করা যায় তাকে লিজিং বলে।

এ পদ্ধতিতে প্রতিষ্ঠানকে সম্পত্তি ক্রয়ের প্রয়োজন পড়ে না। বাৎসরিক নির্দিষ্ট চার্জ বা ভাড়া প্রদান করলেই সম্পত্তি ব্যবহারের পূর্ণ সুযোগ পাওয়া যায়। এভাবে দীর্ঘমেয়াদি সম্পত্তি সংগ্রহ করার ফলে নতুন করে তহবিল সংগ্রহের প্রয়োজন পড়ে না। এজন্যই লিজিংকে বলা হয় অর্থায়নের অভিনব পদ্ধতি।

গ. করিম লিমিটেড-এর সাধারণ শেয়ারের ব্যয় নির্ণয় :  
আমরা জানি,

$$\text{সাধারণ শেয়ারের ব্যয়} = \left( \frac{\text{লভ্যাংশ}_1}{\text{শেয়ার মূল্য}_1} + \text{লভ্যাংশ বৃদ্ধির হার} \right) \times 100$$

এখানে,

$$\begin{aligned} \text{বর্তমান বছরের লভ্যাংশ, লভ্যাংশ}_0 &= 10 \times 10\% \\ &= 1.00 \text{ টাকা} \end{aligned}$$

$$\text{লভ্যাংশ}_1 = \text{লভ্যাংশ}_0 (1 + \text{বৃদ্ধির হার})$$

$$\begin{aligned} \text{লভ্যাংশ}_1 &= (1.00 \times (1 + 0.09)) \\ &= 1.00 \times 1.09 \\ &= 1.09 \end{aligned}$$

$$\text{শেয়ার মূল্য}_0 = 15 \text{ টাকা}$$

$$\text{লভ্যাংশ বৃদ্ধির হার} = 9\% \text{ বা } .09$$

$$\begin{aligned} \therefore \text{সাধারণ শেয়ারের ব্যয়} &= \left( \frac{1.09}{15} + 0.09 \right) \times 100 \\ &= (0.0727 + 0.09) \times 100 \\ &= 0.1627 \times 100 \\ &= 16.27\% \end{aligned}$$

সুতরাং করিম লিমিটেড-এর সাধারণ শেয়ারের ব্যয় 16.27%।

উত্তর : 16.27%

ঘ. করিম লিমিটেডের গড় মূলধন ব্যয় নির্ণয় :

দেওয়া আছে,

$$\text{করিম কোম্পানির মোট মূলধন} = 50,00,000 \text{ টাকা}$$

$$\text{সাধারণ শেয়ার মূলধনের ভার} = 60\% \text{ বা } 0.60$$

$$\text{অগ্রাধিকার শেয়ার মূলধনের ভার} = 30\% \text{ বা } 0.30$$

$$\begin{aligned} \therefore \text{ঋণ মূলধনের ভার} &= (100 - 60 - 30) \\ &= 10\% \text{ বা } 0.10 \end{aligned}$$

$$\text{সাধারণ শেয়ারের ব্যয়} = 16.27\% \quad (\text{গ হতে প্রাপ্ত})$$

$$\text{অগ্রাধিকার শেয়ারের ব্যয়} = 12\%$$

$$\text{ঋণ মূলধনের ব্যয়} = \text{ঋণের ব্যয়} (1 - \text{কর হার})$$

$$= 18\% \times (1 - 0.30)$$

$$= 18\% \times 0.70$$

$$= 12.6\%$$

$$\begin{aligned} \therefore \text{গড় মূলধন ব্যয়} &= (16.27 \times 0.6) + (12 \times 0.30) + (12.6 \times 0.10) \\ &= 14.62\% \end{aligned}$$

সুতরাং করিম লিমিটেডের গড় মূলধন ব্যয় 14.62%

উত্তর : 14.62%।

প্রশ্ন ৭ আল আমিন কোম্পানির মোট মূলধন ৫০ লক্ষ টাকা যার ৩০ লক্ষ টাকা সাধারণ শেয়ার, ১০ লক্ষ টাকা ১৫% অগ্রাধিকার শেয়ার এবং ১০ লক্ষ টাকা ঋণ মূলধন। কোম্পানির উভয় প্রকার শেয়ারের অভিহিত মূল্য ১০০ টাকা। কোম্পানির সাধারণ শেয়ারের বাজার মূল্য ১৫০ টাকা। কোম্পানির ঋণের ব্যয় ১৬% এবং কর হার ৪০%। চলতি বছর কোম্পানি ১৪% লভ্যাংশ ঘোষণা করে যা ৭% হারে বৃদ্ধি পাবে।

(মাইলস্টোন কলেজ, ঢাকা ● প্রশ্ন-৫)

- ক. মূলধন ব্যয় কাকে বলে? ১  
খ. বোনাস শেয়ার বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২  
গ. আল আমিন কোম্পানির সাধারণ শেয়ার মূলধন ব্যয় নির্ণয় করো। ৩  
ঘ. আল আমিন কোম্পানির সামগ্রিক মূলধন ব্যয় নির্ণয় করো। ৪

### ৭ নং প্রশ্নের উত্তর

ক. বিভিন্ন উৎস থেকে সংগৃহীত মূলধনের মালিকদের প্রত্যাশিত আয় মেটাতে প্রতিষ্ঠানকে তার বিনিয়োগের ওপর সর্বনিম্ন যে হারে আয় করতে হয়, সে হারকে মূলধন ব্যয় বলে।

খ. কোম্পানি অনেক সময় নগদ লভ্যাংশের পরিবর্তে শেয়ারহোল্ডারদের স্টক লভ্যাংশ বা বোনাস শেয়ার দেয়। কোম্পানি সম্প্রসারণ বা উন্নয়নের কোনো পরিকল্পনা থাকলে বিদ্যমান শেয়ারহোল্ডারদের নগদ অর্থে লভ্যাংশ দেওয়া হয় না। এক্ষেত্রে লভ্যাংশের সমপরিমাণ অর্থমূল্যের শেয়ার দেওয়া হয়। লভ্যাংশ হিসেবে যে পরিমাণ অর্থ শেয়ারহোল্ডারদের পাবার কথা তা বোনাস শেয়ারের মূল্য হিসেবে কোম্পানির মূলধন তহবিলে চলে যায়। এ ধরনের শেয়ার ইস্যুর ফলে কোম্পানির মোট শেয়ার সংখ্যা বাড়লেও শেয়ারহোল্ডারদের সংখ্যা অপরিবর্তিত থাকে।

গ. আল-আমিন কোম্পানির সাধারণ শেয়ার ব্যয় নির্ণয় :  
আমরা জানি,

$$\text{সাধারণ শেয়ারের মূলধন ব্যয়} = \left\{ \frac{\text{লভ্যাংশ}_1}{\text{শেয়ারমূল্য}_1} + \text{বৃদ্ধির হার} \right\} \times 100$$

$$\begin{aligned} \text{এখানে, লভ্যাংশ}_0 &= \text{বর্তমান বছরের লভ্যাংশ} \\ &= \text{শেয়ারের অভিহিত মূল্য} \times \text{লভ্যাংশের হার} \\ &= 100 \times 18\% \\ &= 18 \text{ টাকা} \end{aligned}$$

$$\text{শেয়ারমূল্য}_0, \text{সাধারণ শেয়ারের বর্তমান বাজারমূল্য} = 150 \text{ টাকা}$$

$$\text{বৃদ্ধির হার, লভ্যাংশ বৃদ্ধির হার} = 9\% = 0.09$$

$$\begin{aligned} \text{লভ্যাংশ}_1 &= \text{বছর শেষে প্রত্যাশিত লভ্যাংশ} \\ &= \text{লভ্যাংশ}_0 \times (1 + \text{বৃদ্ধির হার}) \\ &= 18 \times (1 + 0.09) \\ &= 18.98 \text{ টাকা} \end{aligned}$$

$$\begin{aligned} \therefore \text{সাধারণ শেয়ারের মূলধন ব্যয়} &= \left\{ \frac{18.98}{150} + 0.09 \right\} \times 100 \\ &= (0.1265 + 0.09) \times 100 \\ &= 16.99\% \end{aligned}$$

∴ সাধারণ শেয়ারের মূলধন ব্যয় 16.99%।

উত্তর: 16.99%।

ঘ. আল আমিন কোম্পানির সামগ্রিক মূলধন ব্যয় নির্ণয়:

$$\text{সাধারণ শেয়ারের ভার} = \frac{30 \text{ লক্ষ}}{50 \text{ লক্ষ}} = 60\%$$

$$\text{অগ্রাধিকার শেয়ার ভার} = \frac{10 \text{ লক্ষ}}{50 \text{ লক্ষ}} = 20\%$$

$$\text{ঋণের ভার} = \frac{10 \text{ লক্ষ}}{50 \text{ লক্ষ}} = 20\%$$



দেওয়া আছে,

সাধারণ শেয়ারের মূলধন ব্যয় = ১৬.৯৯% (গ থেকে প্রাপ্ত)

অগ্রাধিকার শেয়ার মূলধন ব্যয় = ১৫%

করপরবর্তী ঋণ মূলধনের ব্যয় = ঋণ মূলধনের ব্যয় × (১ - কর হার)  
= ১৬% × (১ - ০.৪০)  
= ১৬% × ০.৬০  
= ৯.৬০%

∴ সামগ্রিক মূলধন ব্যয়

= (১৬.৯৯ × ০.৬০) + (১৫ × ০.২০) + (৯.৬০ × ০.২০)  
= (১০.১৯ + ৩ + ১.৯২)%  
= ১৫.১১%

∴ আল আমিন কোম্পানির সামগ্রিক মূলধন ব্যয় ১৫.১১%।

উত্তর: ১৫.১১%।

**প্রঃ ৮** লিবরা কোম্পানি ২০০ টাকা বাজারমূল্যের ১০ শতাংশ শেয়ার লভ্যাংশ চিন্তা করছে। পূর্বে লভ্যাংশ বৃদ্ধির হার ছিল ৮ শতাংশ।

*[সাজার ক্যাপ্টেনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ ● প্রঃ-৩/*

- ক. শেয়ারের দাম বাড়লে সূচক কী হয়? ১  
খ. সংরক্ষিত আয়ের সুযোগ ব্যয় ব্যাখ্যা করো। ২  
গ. উদ্বীপক অনুসারে শূন্য লভ্যাংশে শেয়ার ব্যয় নির্ণয় করো। ৩  
ঘ. লিবরা কোম্পানির লভ্যাংশ শেয়ারের কোনটি নির্ণয়ে বাজারে প্রভাব পড়বে- তোমার যুক্তিতে উপস্থাপন করো। ৪

**৮ নং প্রশ্নের উত্তর**

**ক.** শেয়ারের দাম বাড়লে সূচক বাড়ে।

**খ.** অর্থের অন্যত্র বিনিয়োগে প্রাপ্ত আয় থেকে বঞ্চিত হওয়াকেই সংরক্ষিত আয়ের সুযোগ ব্যয় বলা হয়।

উদাহরণস্বরূপ, কোনো কোম্পানি অর্জিত মুনাফার সম্পূর্ণ অংশই শেয়ার মালিকদের বন্টন না করে ব্যবসায় বিনিয়োগ করলো। যদি শেয়ার মালিকরা এই অর্থ অন্যত্র বিনিয়োগ করে ১০% হারে আয়ে করতে পারে, তাহলে এই ১০% ই হবে কোম্পানির সংরক্ষিত আয়ের সুযোগ ব্যয়।

**গ.** লিবরা কোম্পানির শূন্য লভ্যাংশ বৃদ্ধিতে শেয়ার ব্যয় নির্ণয়:  
আমরা জানি,

শূন্য লভ্যাংশ বৃদ্ধিতে সাধারণ শেয়ারের মূলধন ব্যয় =  $\frac{\text{লভ্যাংশ}_0}{\text{শেয়ার মূল্য}_0} \times 100$

দেওয়া আছে,

শেয়ার মূল্য<sub>০</sub> = ২০০ টাকা

লভ্যাংশ<sub>০</sub> = ১০ টাকা

যেহেতু শূন্য বৃদ্ধি লভ্যাংশে লভ্যাংশ বাড়ে না, সেহেতু লভ্যাংশ<sub>১</sub> = লভ্যাংশ<sub>০</sub> হবে।

শূন্য লভ্যাংশে সাধারণ শেয়ারের মূলধন ব্যয় =  $\frac{10}{200} \times 100$   
= ০.০৫ × ১০০  
= ৫%

∴ লিবরা কোম্পানির শূন্য লভ্যাংশ বৃদ্ধিতে শেয়ার মূলধন ব্যয় হবে ৫%।

উত্তর: ৫%

**ঘ.** লিবরা কোম্পানির শেয়ার লভ্যাংশ উক্ত কোম্পানির শেয়ার বাজার মূল্যকে প্রভাবিত করবে।

কোনো প্রতিষ্ঠানের শেয়ারের মূল্য চাহিদা ও যোগানোর উপর নির্ভর করে। শেয়ারের চাহিদা বাড়লে শেয়ারের মূল্য বাড়ে। শেয়ারের যোগান বাড়লে শেয়ারের মূল্য কমে।

উদ্বীপকে লিবরা কোম্পানির শেয়ার সেকেন্ডারি মার্কেটে কেনা বেচা হয়। প্রতিষ্ঠানটি আগে ৮ শতাংশ প্রবৃদ্ধিতে লভ্যাংশ দিত। এ বছর

প্রতিষ্ঠানটি বাজারমূল্যের উপর ১০ শতাংশ শেয়ার লভ্যাংশ ঘোষণা করতে চায়। এই সিদ্ধান্তের কারণে তাৎক্ষণিকভাবে শেয়ারের মূল্য বেড়ে যাবে। কিন্তু পরবর্তীতে শেয়ার মূল্য কমে যাবে।

কোনো প্রতিষ্ঠান লভ্যাংশ ঘোষণার সিদ্ধান্ত নিলে বাজারে এর চাহিদা বৃদ্ধি পায়। চাহিদা বৃদ্ধির ফলে উক্ত প্রতিষ্ঠানের শেয়ারের মূল্যও বৃদ্ধি পায়। যার ফলে উদ্বীপকের প্রতিষ্ঠানটির শেয়ার লভ্যাংশ দেয়ার সিদ্ধান্তটি শেয়ারের মূল্য বাড়াবে। আবার কোনো প্রতিষ্ঠান শেয়ার লভ্যাংশ দিলে উক্ত প্রতিষ্ঠানের শেয়ারের সংখ্যা বাড়ে। কিন্তু উক্ত প্রতিষ্ঠানের মূলধনের পরিমাণ অপরিবর্তিত থাকে। এ কারণে শেয়ারের বাজারমূল্যও কমবে। সুতরাং লিবরা কোম্পানির সিদ্ধান্তটি তাদের শেয়ারের বাজারমূল্যকে প্রভাবিত করবে।

**প্রঃ ৯** 'XYZ' কোম্পানি সদস্যদের সমাপ্ত বছর প্রতি শেয়ার ১৫ টাকা হারে লভ্যাংশ দেয়। অতীত রেকর্ড পর্যালোচনা করে দেখা গেল কোম্পানির লভ্যাংশ ৫% হারে বৃদ্ধি পায়। সাধারণ শেয়ার বাজারমূল্য ১৫০ টাকা। আগামী বছর কোম্পানির নতুন একটি প্রকল্পে ৫ লক্ষ টাকা দরকার। কোম্পানি মূলধন সংগ্রহের বিভিন্ন উৎসের মধ্যে এমন একটি তহবিল বেছে নিল যার একটি সুযোগ ব্যয় আছে।

*[আই. ই. টি. সরকারি উচ্চ বিদ্যালয়, নারায়ণগঞ্জ ● প্রঃ-৬/*

- ক. কোন শেয়ারকে প্রবর্তকের শেয়ার বলে অভিহিত করা হয়? ১  
খ. শেয়ারহোল্ডারদের বন্টনকৃত মুনাফার অংশটি কী? ব্যাখ্যা করো। ২  
গ. 'XYZ' কোম্পানির সাধারণ শেয়ার মূলধন ব্যয় নির্ণয় করো। ৩  
ঘ. মূলধন সংগ্রহের ক্ষেত্রে 'XYZ'-এর উক্ত তহবিল বেছে নেওয়ার যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

**৯ নং প্রশ্নের উত্তর**

**ক.** বিলম্বিত শেয়ারকে প্রবর্তকের শেয়ার বলে অভিহিত করা হয়।

**খ.** শেয়ারহোল্ডারদের মধ্যে বন্টনকৃত মুনাফার অংশটি হলো লভ্যাংশ। প্রতিষ্ঠান তার লাভ বা মুনাফার একটি অংশ ভবিষ্যতে অর্থায়নের জন্য সংরক্ষণ করে, এর বাকি অংশ শেয়ার মালিকদের মধ্যে বন্টন করে। শেয়ার মালিকদের মধ্যে বন্টনকৃত এ অংশকেই লভ্যাংশ বলা হয়। কোম্পানি সাধারণত দুইভাবে লভ্যাংশ দিতে পারে। প্রথমত, নগদ লভ্যাংশ এবং দ্বিতীয়ত, স্টক (শেয়ার) লভ্যাংশ বা বোনাস (অধিবৃত্তি) শেয়ার।

**গ.** XYZ কোম্পানির সাধারণ শেয়ারের ব্যয় নির্ণয়:  
আমরা জানি,

সাধারণ শেয়ারের মূলধন ব্যয় =  $\left\{ \frac{\text{লভ্যাংশ}_0}{\text{শেয়ারের বাজারমূল্য}_0} + \text{বৃদ্ধির হার} \right\} \times 100$

এখানে,

বর্তমান বছরের লভ্যাংশ, লভ্যাংশ<sub>০</sub> = ১৫ টাকা

লভ্যাংশ বৃদ্ধির হার, বৃদ্ধির হার = ০.০৫

পরবর্তী বছরের লভ্যাংশ, লভ্যাংশ<sub>১</sub> = লভ্যাংশ<sub>০</sub> (১ + বৃদ্ধির হার)  
= ১৫ (১ + ০.০৫)  
= ১৫.৭৫ টাকা

শেয়ারের বর্তমান বাজারমূল্য, বাজারমূল্য<sub>০</sub> = ১৫০ টাকা

∴ সাধারণ শেয়ারের মূলধন ব্যয় =  $\left( \frac{15.75}{150} + 0.05 \right) \times 100$   
= (০.১০৫ + ০.০৫) × ১০০  
= ০.১৫৫ × ১০০  
= ১৫.৫০%

∴ সাধারণ শেয়ারের মূলধন ব্যয় ১৫.৫০%

উত্তর: ১৫.৫০%



ঘ. মূলধন সংগ্রহের ক্ষেত্রে XYZ কোম্পানি সংরক্ষিত আয়কে বেছে নিয়েছে যা যৌক্তিক।

কোম্পানি তার নিট মুনাফার যে অংশ লভ্যাংশ হিসেবে বন্টন না করে সংরক্ষন করে তাকে সংরক্ষিত আয় বলে। সংরক্ষিত আয়ের তহবিলটি কোনো লাভজনক প্রকল্প দ্রুত অর্থায়নের প্রয়োজন পড়লে ব্যবহার করা হয়। এর একটি সুযোগ ব্যয় থাকে।

উদ্বীপকে XYZ কোম্পানির সাধারণ শেয়ার মূলধন ব্যয় ১৫.৫০%। আগামী বছর কোম্পানি একটি নতুন প্রকল্পে বিনিয়োগ করবে। প্রকল্পে বিনিয়োগ করার জন্য ৫ লক্ষ টাকা প্রয়োজন কোম্পানিটি পাঁচ লক্ষ টাকার অর্থায়নের জন্য সংরক্ষিত আয়ের তহবিলটিকে বেছে নেয়। সংরক্ষিত আয়ের একটি সুযোগ ব্যয় আছে।

সংরক্ষিত আয় থেকে অর্থায়নের ফলে কোম্পানি দ্রুত তার প্রকল্পে অর্থায়ন করতে পেরেছে। কোম্পানির সংরক্ষিত আয়ের যে সুযোগ ব্যয় হচ্ছিল সেটি আর হবে না। কারণ কোম্পানি প্রকল্প থেকে আয় করবে। এছাড়াও সংরক্ষিত আয় অভ্যন্তরীণ তহবিল হওয়ায় এটি মূলধন হিসেবে নেয়ার জন্য কোনো বাড়তি খরচ হয় না। সুতরাং বলা যায়, মূলধন সংগ্রহের ক্ষেত্রে সংরক্ষিত আয়কে তহবিল হিসেবে বেছে নেয়া কোম্পানির জন্য যৌক্তিক হয়েছে।

**প্রশ্ন ১০** তানিয়া কটনস মিলস লি.-এর পরিশোধিত মূলধন ৫০০ কোটি টাকা, যার মধ্যে সাধারণ শেয়ার মূলধন ২০০ কোটি, অগ্রাধিকার শেয়ার মূলধন ১০০ কোটি এবং অবশিষ্ট ঋণকৃত মূলধন। ঋণের সুদের হার ১০% ও অগ্রাধিকার শেয়ারের লভ্যাংশের হার ৮%। সাধারণ শেয়ার ও অগ্রাধিকার শেয়ারের বাজারমূল্য যথাক্রমে ২৫৫ ও ১১০ টাকা। কোম্পানি এ বছর সাধারণ শেয়ার মালিকদের প্রতি শেয়ারে ১৩ টাকা লভ্যাংশ প্রদান করে এবং তা প্রতিবছর ৪% বৃদ্ধি করার সিদ্ধান্ত নেয় এবং করহার ৪০%।

[সৃষ্টি একাডেমিক স্কুল, টাঙ্গাইল ● প্রশ্ন-৬/

- ক. ঋণ মূলধনের প্রধান উৎস কোনটি? ১  
খ. কাম্য ঋণনীতি বলতে কী বোঝ? ২  
গ. উক্ত কোম্পানির সাধারণ শেয়ারের মূলধন ব্যয় নির্ণয় করো। ৩  
ঘ. উক্ত কোম্পানির গড় মূলধন ব্যয় নির্ণয় করো। ৪

### ১০ নং প্রশ্নের উত্তর

ক. ঋণ মূলধনের প্রধান উৎস ব্যাংক থেকে ঋণ নেওয়া।  
খ. কাম্য ঋণনীতি বলতে মোট মূলধনের কত অংশ ঋণ থেকে সংগ্রহ করা হবে সে সংক্রান্ত নীতিকে বোঝায়। প্রতিষ্ঠান তার মোট মূলধনের কিছু অংশ ঋণ করে সংগ্রহ করতে পারে। সেক্ষেত্রে প্রতিষ্ঠানকে গড় মূলধন খরচ বিবেচনায় রাখতে হয়। সাধারণত ঋণকৃত তহবিলের মূলধন ব্যয় সর্বনিম্ন হয়। এজন্য প্রতিষ্ঠানকে এমন পরিমাণ ঋণ সংগ্রহ করতে হয় যেন গড় মূলধন খরচ সর্বনিম্ন হয়। মূলধন খরচ মাথায় রেখে কী পরিমাণ ঋণ নেওয়া হবে সেটি নির্ধারণ করাই কাম্য ঋণনীতি।

গ. তানিয়া কটনস মিলস লি.-এর সাধারণ শেয়ার মূলধন ব্যয় নির্ণয় :  
আমরা জানি,

$$\text{সাধারণ শেয়ার মূলধন ব্যয়} = \left( \frac{\text{লভ্যাংশ}_1}{\text{শেয়ার বাজার মূল্য}_1} + \text{বৃদ্ধির হার} \right) \times 100$$

দেওয়া আছে,

$$\text{সাধারণ শেয়ারের বাজারমূল্য}_1 = ২৫৫ \text{ টাকা}$$

$$\text{লভ্যাংশ}_1 = ১৩ \text{ টাকা}$$

$$\text{বৃদ্ধির হার} = ৪\% = ০.০৪$$

$$\text{লভ্যাংশ}_2 = ১৩ \times (১ + ০.০৪)$$

$$= ১৩ \times ১.০৪$$

$$= ১৩.৫২ \text{ টাকা}$$

$$\begin{aligned} \therefore \text{সাধারণ শেয়ারের মূলধন ব্যয়} &= \left( \frac{১৩.৫২}{২৫৫} + ০.০৪ \right) \times ১০০ \\ &= (০.০৫৩০ + ০.০৪) \times ১০০ \\ &= ০.০৯৩০ \times ১০০ \\ &= ৯.৩০\% \end{aligned}$$

∴ তানিয়া কটনস মিলস লি.-এর সাধারণ শেয়ারের মূলধন ব্যয় হবে ৯.৩০%

উত্তর : ৯.৩০%

ঘ. তানিয়া কটনস মিলস লি.-এর গড় মূলধন ব্যয় নির্ণয় :

দেওয়া আছে,

$$\text{ঋণ মূলধনের সুদের হার} = ১০\%$$

$$\text{করের হার} = ৪০\% = ০.৪০$$

$$\text{কর পরবর্তী ঋণ মূলধনের ব্যয়}$$

$$= \text{ঋণ মূলধন ব্যয়} \times (১ - \text{কর হার})$$

$$= ১০\% \times (১ - ০.৪০)$$

$$= ১০\% \times ০.৬০$$

$$= ৬\%$$

$$\text{সাধারণ শেয়ারের মূলধন ব্যয়} = ৯.৩০\% \text{ [গ থেকে প্রাপ্ত]}$$

$$\text{অগ্রাধিকার শেয়ারের মূলধন ব্যয়} = ৮\%$$

$$\text{মোট মূলধন} = ৫০০ \text{ কোটি টাকা}$$

$$\text{সাধারণ শেয়ারের ভার} = \frac{২০০ \text{ কোটি টাকা}}{৫০০ \text{ কোটি টাকা}} = ০.৪০$$

$$\text{অগ্রাধিকার শেয়ারের ভার} = \frac{১০০ \text{ কোটি টাকা}}{৫০০ \text{ কোটি টাকা}} = ০.২০$$

$$\text{ঋণ মূলধনের ভার} = \frac{২০০ \text{ কোটি টাকা}}{৫০০ \text{ কোটি টাকা}} = ০.৪০$$

$$\begin{aligned} \therefore \text{গড় মূলধন ব্যয়} &= (৯.৩০ \times ০.৪০) + (৮ \times ০.২০) + (৬ \times ০.৪০) \\ &= ৩.৭২ + ১.৬০ + ২.৪০ \\ &= ৭.৭২\% \end{aligned}$$

∴ তানিয়া কটনস লি.-এর গড় মূলধন ব্যয় ৭.৭২%

উত্তর : ৭.৭২%

**প্রশ্ন ১১** প্রিয়ন্তী টেক্সটাইল লি.-এর পরিশোধিত মূলধন ১০ কোটি টাকার যার মধ্যে প্রতিটি ১০ টাকা মূল্যের সাধারণ শেয়ার মূলধন ৫ কোটি, ৬% অগ্রাধিকার শেয়ার মূলধন ৩ কোটি এবং অবশিষ্ট ৮% ঋণ মূলধন। ২০১২ সালে কোম্পানি শেয়ার প্রতি ১ টাকা লভ্যাংশ প্রদানের এবং তা প্রতি বছর ১০% বৃদ্ধি করার সিদ্ধান্ত নেয় এবং মুনাফার বৃহৎ একটি অংশ দ্বারা ঋণ পরিশোধের উদ্যোগ গ্রহণ করে।

[রাজশাহী ক্যান্টনমেন্ট বোর্ড স্কুল এন্ড কলেজ ● প্রশ্ন-৫/

- ক. ঋণ মূলধনের ক্ষেত্রে সুদের হারকে ব্যবসায়ের কী বলে? ১  
খ. 'বিনিয়োগ যত ঝুঁকিপূর্ণ প্রত্যাশিত আয় তত বেশি'— ব্যাখ্যা করো। ২  
গ. প্রিয়ন্তী টেক্সটাইলের গড় মূলধন ব্যয় নির্ণয় করো। ৩  
ঘ. মুনাফা দ্বারা ঋণ পরিশোধ করা কোম্পানির জন্য লাভজনক হবে কি না, তা মূল্যায়ন করো। ৪

### ১১ নং প্রশ্নের উত্তর

ক. ঋণ মূলধনের ক্ষেত্রে সুদের হারকে মূলধন ব্যয় বলে

খ. বিনিয়োগের ঝুঁকি ও প্রত্যাশিত আয়ের মধ্যে ধনাত্মক সম্পর্ক বিদ্যমান।

বিনিয়োগ যত ঝুঁকিপূর্ণ হবে, এর থেকে প্রত্যাশিত আয়ের পরিমাণও তত বেশি হবে। একজন বিনিয়োগকারী ঝুঁকিবিহীন বিনিয়োগ থেকে কম হারে আয় করতে পারেন। তবে একজন বিনিয়োগকারী যখন বেশি ঝুঁকি বহন করবেন তখন তিনি অতিরিক্ত আয় বা Risk Premium আশা করবেন। কেননা যে বিনিয়োগ যত ঝুঁকিপূর্ণ তা থেকে অতিরিক্ত আয়ের পরিমাণও তত বেশি।



প্রিয়ন্তী টেক্সটাইলের গড় মূলধন ব্যয় নির্ণয় :

দেওয়া আছে,

সাধারণ শেয়ারের মূল্য = ১০ টাকা

লভ্যাংশ = ১ টাকা

বৃদ্ধির হার = ১০%

লভ্যাংশ<sub>১</sub> = ১(১ + ০.১০) টাকা বা ১.১ টাকা।

$$\begin{aligned} \text{সাধারণ শেয়ারের মূলধন ব্যয়} &= \left\{ \frac{\text{লভ্যাংশ}_1}{\text{শেয়ারের বাজারমূল্য}} + \text{বৃদ্ধির হার} \right\} \times 100 \\ &= \left\{ \frac{1.10}{10} + 0.10 \right\} \times 100 \\ &= (0.11 + 0.10) \times 100 \text{ বা } 21\% \end{aligned}$$

অগ্রাধিকার শেয়ারের ব্যয় = ৬%

[এখানে সাধারণ শেয়ারের বাজার মূল্য ও লিখিত মূল্য সমান]

ঋণ মূলধনের ব্যয় = ৮%

মোট মূলধন = ১০ কোটি টাকা

$$\text{সাধারণ শেয়ারের ভার} = \frac{6}{10} = 0.60$$

$$\text{অগ্রাধিকার শেয়ারের ভার} = \frac{3}{10} = 0.30$$

$$\text{ঋণ মূলধনের ভার} = \frac{2}{10} = 0.20$$

$$\begin{aligned} \text{গড় মূলধন ব্যয়} &= (21 \times 0.60) + (6 \times 0.30) + (8 \times 0.20) \\ &= 13.80\% \end{aligned}$$

অতএব, প্রিয়ন্তী টেক্সটাইলের গড় মূলধন ব্যয় ১৩.৯০%।

উত্তর : ১৩.৯০%।

নোট : সাধারণত ঋণ মূলধনের ব্যয়ের করহার সমন্বয় করা হয়। প্রপ্নে করহার উল্লেখ না করায় প্রদত্ত হার করসম্বন্ধিত বিবেচনা করা হলো।

মুনাফা দ্বারা ঋণের সুদ পরিশোধ করা কোম্পানির জন্য লাভজনক হবে। ঋণকৃত মূলধনের ওপর নির্দিষ্ট হারে সুদ প্রদান করতে হয় যা ঋণকৃত মূলধনের ব্যয় হিসেবে পরিচিত। তবে ঋণের সুদের বিপরীতে কোম্পানি একটি বড় সুবিধা পায়। এজন্যই ঋণ মূলধনের ব্যয় করের হারের সাথে সমন্বয় করার প্রয়োজন হয়।

উদ্বীপকে প্রিয়ন্তী টেক্সটাইলের গড় মূলধন ব্যয় ১৩.৯০% এবং ঋণের সুদের হার ৮%। কোম্পানিটি তার মুনাফা থেকে ঋণের সুদ পরিশোধ করার উদ্যোগ নেয়। আমরা জানি, ঋণের সুদের ওপর কর সুবিধা পাওয়া যায়। অর্থাৎ কর সুবিধা বিবেচনা করেই কোম্পানিটি ঋণের সুদ পরিশোধ করার সিদ্ধান্ত নিয়েছে।

প্রিয়ন্তী টেক্সটাইল যদি তার ঋণের সুদ মুনাফার একটি অংশ থেকে পরিশোধ করে তাহলে করপূর্ব মুনাফা থেকে সেটি বাদ দিয়ে করযোগ্য মুনাফা নির্ধারণ করা হবে। যেমন- কর ও সুদ-পূর্ব মুনাফা যদি ১০০ টাকা হয় এবং সেখান থেকে সুদ দেওয়া হয় ২০ টাকা তাহলে করযোগ্য মুনাফা হবে ৮০ টাকা। করের হার ৩০% হলে করের পরিমাণ ২৪ টাকা। অন্যথায় মুনাফা থেকে সুদ পরিশোধ না করলে করের পরিমাণ হতো ৩০ টাকা। অর্থাৎ কোম্পানিকে ৬ টাকা বেশি কর পরিশোধ করতে হতো। সুতরাং বলা যায়, মুনাফা থেকে ঋণের সুদ পরিশোধ করা প্রিয়ন্তী টেক্সটাইলের জন্য লাভজনক হবে।

প্রশ্ন ১২: মিরাজ লি.-এর পরিশোধিত মূলধন ১০ কোটি টাকা যার মধ্যে সাধারণ শেয়ার ৩০%, অগ্রাধিকার শেয়ার ৫০% এবং অবশিষ্ট ঋণ মূলধন। ৬% অগ্রাধিকার শেয়ার ঋণকৃত মূলধনে সুদের হার ১০% সাধারণ শেয়ার ও অগ্রাধিকার শেয়ারের বাজারমূল্য যথাক্রমে ২০০ টাকা ও ১৮০ টাকা। কোম্পানি এ বছর শেয়ার প্রতি ১২ টাকা লভ্যাংশ ঘোষণা করে এবং অতীতে লভ্যাংশের হার ৫% এবং কর হার ৩০%।

[সোহাগপুর এস. কে. পাইলট মডেল উচ্চ বিদ্যালয়, সিরাজগঞ্জ ● প্রশ্ন-৪]

- ক. মূলধন ব্যয় নির্ণয়ে কোনটি সহজ পদ্ধতি? ১  
খ. মূলধন মিশ্রণ বলতে কী বোঝায়? ২  
গ. মিরাজ লি.-এর প্রতি শেয়ারের ব্যয় নির্ণয় করো। ৩  
ঘ. মিরাজ লি.-এর গড় মূলধন ব্যয় কত? ৪

### ১২ নং প্রশ্নের উত্তর

ক. মূলধন ব্যয় নির্ণয়ে সবচেয়ে সহজ পদ্ধতি হলো শূন্য লভ্যাংশ বৃদ্ধি পদ্ধতি।

খ. বিভিন্ন উৎস থেকে আনুপাতিক হারে তহবিল সংগ্রহ করে মোট মূলধন গঠন করাকে মূলধন মিশ্রণ বলে।

সাধারণত মূলধন ব্যয়কে সর্বনিম্ন করার জন্য বিভিন্নভাবে মূলধন মিশ্রণ করা হয়। মূলধন সংগ্রহের বিভিন্ন উৎসের (যেমন: সাধারণ শেয়ার, অগ্রাধিকার শেয়ার, ঋণ ইত্যাদি) মধ্যে কোনটি থেকে কী পরিমাণ অর্থ সংগ্রহ করা হবে তা নির্ণয় করাই মূলধন মিশ্রণ।

গ. মিরাজ লি. এর অগ্রাধিকার শেয়ার এর ব্যয় নির্ণয় :

দেওয়া আছে,

অগ্রাধিকার শেয়ারের বাজারমূল্য = ১৮০ টাকা

লভ্যাংশ হার = ৬% = ০.০৬

অগ্রাধিকার শেয়ারের লিখিতমূল্য = ১০০ টাকা (১০০ টাকার নোট)

প্রত্যাশিত লভ্যাংশ = ১০০ × ৬%

= ৬ টাকা

$$\text{অগ্রাধিকার শেয়ারের মূলধন ব্যয়} = \frac{\text{প্রত্যাশিত লভ্যাংশ}}{\text{শেয়ারের বিক্রয়মূল্য}} \times 100$$

$$= \frac{6}{180} \times 100$$

$$= 3.33\%$$

মিরাজ লি.-এর সাধারণ শেয়ারের মূলধন ব্যয় নির্ণয় :

আমরা জানি,

$$\text{সাধারণ শেয়ারের মূলধন ব্যয়} = \left( \frac{\text{লভ্যাংশ}_1}{\text{শেয়ার মূল্য}} + \text{বৃদ্ধির হার} \right) \times 100$$

দেওয়া আছে,

সাধারণ শেয়ারের মূল্য = ২০০ টাকা

লভ্যাংশ = ১২ টাকা

প্রবৃদ্ধির হার = ৫% = ০.০৫

লভ্যাংশ<sub>১</sub> = ১২ × (১ + ০.০৫)

$$= 12 \times 1.05$$

$$= 12.60 \text{ টাকা}$$

$$\therefore \text{সাধারণ শেয়ারের মূলধন ব্যয়} = \left( \frac{12.60}{200} + 0.05 \right) \times 100$$

$$= (0.063 + 0.05) \times 100$$

$$= 0.113 \times 100$$

$$= 11.30\%$$

∴ সাধারণ শেয়ারের মূলধন ব্যয় হবে ১১.৩০%

উত্তর : ১১.৩০%; ৩.৩৩%

নোট : সাধারণত শেয়ারের অভিহিত মূল্য বা লিখিত মূল্যের ওপর লভ্যাংশ ঘোষণা করা হয়। যেমন : একটি কোম্পানির শেয়ারের লিখিত মূল্য ১০০ টাকা এবং বাজারমূল্য ১৫০ টাকা। প্রতি বছর কোম্পানি ১২% হারে লভ্যাংশ ঘোষণা করে।

সুতরাং ঘোষণাকৃত লভ্যাংশ = লিখিত মূল্য × লভ্যাংশের হার

$$= 100 \times 12\% = 12 \text{ টাকা}$$

উল্লেখ্য যেক্ষেত্রে প্রপ্নে শেয়ারের লিখিত মূল্য থাকবে না সেক্ষেত্রে ১০০ টাকা লিখিত মূল্য ধরে সমাধান করা হলো।



১৩. মিরাজ লি.-এর গড় মূলধন ব্যয় নির্ণয়:

দেওয়া আছে,

ঋণ মূলধনের সুদের হার = ১০%

করের হার = ৩০% = ০.৩০

কর পরবর্তী ঋণ মূলধনের সুদের হার

$$= \text{করপূর্ব ঋণ মূলধন ব্যয়} \times (1 - \text{কর হার})$$

$$= ১০\% \times (1 - ০.৩০)$$

$$= ১০\% \times ০.৭০$$

$$= ৭\%$$

সাধারণ শেয়ারের ভার = ৩০% = ০.৩০

অগ্রাধিকার শেয়ারের ভার ৫০% = ০.৫০

ঋণ মূলধনের ভার = ২০% = ০.২০

$$\therefore \text{গড় মূলধন ব্যয়} = (১১.৩০ \times ০.৩০) + (৩.৩৩ \times ০.৫০) + (৭ \times ০.২০)$$

$$= ৩.৩৯ + ১.৬৭ + ১.৪০$$

$$= ৬.৪৬\%$$

\(\therefore\) মিরাজ লি.: এর গড় মূলধন ব্যয় ৬.৪৬%

উত্তর : ৬.৪৬%।

১৩. সিঙ্গার কোম্পানির প্রতিটি শেয়ারের বর্তমান বাজারমূল্য ১২৫ টাকা এবং লিখিত মূল্য ১০০ টাকা। কোম্পানিটি বর্তমান বছরে প্রতি শেয়ারে ১০ টাকা হারে লভ্যাংশ ঘোষণা করেছে এবং প্রত্যাশা করছে পরবর্তী বছরগুলোতে এই লভ্যাংশ ১০% হারে বৃদ্ধি পাবে।

[সোহাগপুর এস. কে. পাইলট মডেল উচ্চ বিদ্যালয়, সিরাজগঞ্জ • প্রশ্ন-৫]

- ক. কোন আয়ের কোনো প্রত্যক্ষ ব্যয় নেই? ১  
খ. মূলধন মিশ্রণ বলতে কী বোঝায়? ২  
গ. সিঙ্গার কোম্পানির সাধারণ শেয়ার মূলধন ব্যয় বের করো। ৩  
ঘ. যদি লভ্যাংশ বৃদ্ধির হার ৮% হয়, তাহলে সাধারণ শেয়ারের মূলধন ব্যয় কত হবে? ৪

#### ১৩ নং প্রশ্নের উত্তর

ক. সংরক্ষিত আয়ের কোনো প্রত্যক্ষ ব্যয় নেই।

খ. বিভিন্ন উৎস থেকে আনুপাতিক হারে তহবিল সংগ্রহ করে মোট মূলধন গঠন করাকে মূলধন মিশ্রণ বলে।

সাধারণত মূলধন ব্যয়কে সর্বনিম্ন করার জন্য বিভিন্নভাবে মূলধন মিশ্রণ করা হয়। মূলধন সংগ্রহের বিভিন্ন উৎসের (যেমন: সাধারণ শেয়ার, অগ্রাধিকার শেয়ার, ঋণ ইত্যাদি) মধ্যে কোনটি থেকে কী পরিমাণ অর্থ সংগ্রহ করা হবে তা নির্ণয় করাই মূলধন মিশ্রণ।

গ. সিঙ্গার কো.-এর সাধারণ শেয়ার মূলধন ব্যয় নির্ণয়:

আমরা জানি,

$$\text{সাধারণ শেয়ার মূলধন ব্যয়} = \left( \frac{\text{লভ্যাংশ}_1}{\text{শেয়ার মূল্য}_0} + \text{বৃদ্ধির হার} \right) \times ১০০$$

দেওয়া আছে,

$$\text{লভ্যাংশ}_0 = ১০ \text{ টাকা}$$

$$\text{লভ্যাংশ প্রবৃদ্ধি হার} = ১০\% = ০.১০$$

$$\text{লভ্যাংশ}_1 = ১০ \times (1 + ০.১০)$$

$$= ১০ \times ১.১০$$

$$= ১১ \text{ টাকা}$$

$$\text{শেয়ারমূল্য}_0 = ১২৫ \text{ টাকা}$$

$$\therefore \text{সাধারণ শেয়ার মূলধন ব্যয়} = \left( \frac{১১}{১২৫} + ০.১০ \right) \times ১০০$$

$$= (০.০৮৮ + ০.১০) \times ১০০$$

$$= ০.১৮৮ \times ১০০$$

$$= ১৮.৮০\%$$

\(\therefore\) সিঙ্গার কোঃ এর সাধারণ শেয়ার মূলধন ব্যয় হবে ১৮.৮০%।

উত্তর : ১৮.৮০%।

১৪. লভ্যাংশ বৃদ্ধির হার ৮% হলে, সিঙ্গার কোঃ এর সাধারণ শেয়ার মূলধন ব্যয় নির্ণয়:

আমরা জানি,

$$\text{সাধারণ শেয়ার মূলধন ব্যয়} = \left( \frac{\text{লভ্যাংশ}_1}{\text{শেয়ার মূল্য}_0} + \text{বৃদ্ধির হার} \right) \times ১০০$$

দেওয়া আছে,

$$\text{লভ্যাংশ}_0 = ১০ \text{ টাকা}$$

$$\text{প্রবৃদ্ধি} = ৮\% = ০.০৮ \text{ টাকা}$$

$$\therefore \text{লভ্যাংশ}_1 = ১০ \times (1 + ০.০৮)$$

$$= ১০ \times ১.০৮$$

$$= ১০.৮০ \text{ টাকা}$$

$$\text{মোট মূলধন} = (10,00,000 + 6,00,000 + 8,00,000) \text{ টাকা}$$

$$= 20,00,000 \text{ টাকা}$$

$$\text{সাধারণ শেয়ারের ভার} = \frac{10,00,000}{20,00,000} = 0.50$$

$$\text{অগ্রাধিকার শেয়ারের ভার} = \frac{6,00,000}{20,00,000} = 0.30$$

$$\text{ঋণ মূলধনের ভার} = \frac{8,00,000}{20,00,000} = 0.20$$

$$\therefore \text{গড় মূলধন ব্যয়} = (19.88 \times 0.5) + (10 \times 0.30) + (2.03 \times 0.20)$$

$$= 9.94 + 3 + 0.406$$

$$= 13.346\%$$

$$= 13.35\%$$

$$\therefore \text{গড় মূলধন ব্যয় } 13.35\%$$

উত্তর : 13.35%

প্রশ্ন ২৬ 'অন্যান্য' কোম্পানির বর্তমানে শেয়ারের বাজারমূল্য 120 টাকা। এই কোম্পানি বর্তমান বছরে প্রতি শেয়ার 10 টাকা হারে লভ্যাংশ ঘোষণা করার সিদ্ধান্ত নিয়েছে এবং প্রত্যাশা করছে পরবর্তী বছরগুলোতে এই লভ্যাংশ 10% হারে বৃদ্ধি পাবে।

[কদমতলা পূর্ব বাসাবো স্কুল এন্ড কলেজ, ঢাকা • প্রশ্ন-৬]

- কাম্য ঋণনীতি কী? 1
- কোন ধরনের লভ্যাংশ দ্বারা কোম্পানির শেয়ার সংখ্যা বৃদ্ধি পায়? ব্যাখ্যা করো। 2
- অন্যান্য কোম্পানির সাধারণ শেয়ার মূলধন ব্যয় নির্ণয় করো। 3
- যদি কোম্পানির লভ্যাংশ বন্টনের হার 10% থেকে 2% কম হয় তবে সাধারণ শেয়ার মূলধন ব্যয় কত হবে বলে তুমি মনে করো? 8

## ২৬ নং প্রশ্নের উত্তর

ক. মোট মূলধনের কত অংশ ঋণ থেকে সংগ্রহ করা হবে সে সংক্রান্ত নীতিকে কাম্য ঋণ নীতি বলে।

খ. কোম্পানির ইস্যুকৃত শেয়ারের ওপর স্টক লভ্যাংশ দিলে কোম্পানির শেয়ার সংখ্যা বৃদ্ধি পায়।

কোম্পানির লভ্যাংশ নীতি অনুযায়ী, কোম্পানি অনেক সময় নগদ লভ্যাংশের পরিবর্তে বা নগদ লভ্যাংশের পাশাপাশি স্টক লভ্যাংশ দেয়। এক্ষেত্রে শেয়ারহোল্ডারদের বর্তমান শেয়ার সংখ্যার ওপর আনুপাতিক হারে স্টক লভ্যাংশ দেওয়া হয়, যা শেয়ারের সংখ্যা বাড়ায়।

সহায়ক তথ্য

স্টক লভ্যাংশ : কোম্পানি অনেক সময় নগদ লভ্যাংশের পরিবর্তে অথবা নগদ লভ্যাংশের পাশাপাশি স্টক লভ্যাংশ দেয়। কোম্পানি সাধারণত বর্তমানে ইস্যুকৃত শেয়ারের ওপর আনুপাতিক হারে স্টক লভ্যাংশ দেয়। এতে কোম্পানির শেয়ারের সংখ্যা বাড়ে। মনে করি, ABC কোম্পানির প্রতিটি 10 টাকা মূল্যের 1 কোটি শেয়ার আছে। কোম্পানি 50 শতাংশ বা 2 : 1 অনুপাতে স্টক লভ্যাংশ ঘোষণা করে। এতে কোম্পানির কোন বিনিয়োগকারীর বর্তমানে 500টি শেয়ার থাকলে স্টক লভ্যাংশ পাবার পর তার শেয়ার সংখ্যা হবে  $500 + (500 \times 50\%) = 500 + 250 = 750$ টি।

গ. অন্যান্য কোম্পানির সাধারণ শেয়ার মূলধন ব্যয় নির্ণয় :

আমরা জানি,

$$\text{সাধারণ শেয়ার মূলধন ব্যয়} = \left( \frac{\text{লভ্যাংশ}_1}{\text{শেয়ারের বাজারমূল্য}_1} + \text{বৃদ্ধির হার} \right) \times 100$$

দেওয়া আছে,

$$\text{শেয়ার প্রতি বাজারমূল্য}_1 = 120 \text{ টাকা}$$

$$\text{লভ্যাংশ}_1 = 10 \text{ টাকা}$$

$$\text{বৃদ্ধির হার} = 10\% = 0.10$$

$$\therefore \text{লভ্যাংশ}_2 = 10 \times (1 + 0.10)$$

$$= 10 \times 1.10$$

$$= 11 \text{ টাকা}$$

$$\therefore \text{সাধারণ শেয়ার মূলধন ব্যয়} = \left( \frac{11}{120} + 0.10 \right) \times 100$$

$$= (0.09166666 + 0.10) \times 100$$

$$= 0.1916666 \times 100$$

$$= 19.1666\%$$

$$\therefore \text{সাধারণ শেয়ার মূলধন ব্যয় } 19.1666\%$$

উত্তর : 19.1666%

ঘ. প্রতিষ্ঠানের লভ্যাংশ বন্টন হার 10% থেকে 2% কম হলে, শেয়ার মূলধন ব্যয় নির্ণয় :

আমরা জানি,

$$\text{সাধারণ শেয়ার মূলধন ব্যয়} = \left( \frac{\text{লভ্যাংশ}_1}{\text{শেয়ারের বাজারমূল্য}_1} + \text{বৃদ্ধির হার} \right) \times 100$$



দেওয়া আছে,  
 শেয়ার প্রতি বাজারমূল্য = ১২০ টাকা  
 লভ্যাংশ = ৮%  
 বৃদ্ধির হার = ১০% = ০.১০  
 $\therefore$  লভ্যাংশ = ৮%  $\times$  (১ + ০.১০)  
 = ৮%  $\times$  ১.১০  
 = ৮.৮ টাকা

$\therefore$  সাধারণ শেয়ার মূলধন ব্যয় =  $\left(\frac{৮.৮}{১২০} + ০.১০\right) \times ১০০$   
 = (০.০৭৩৩৩৩৩৩ + ০.১০)  $\times$  ১০০  
 = ০.১৭৩৩৩৩৩৩  $\times$  ১০০  
 = ১৭.৩৩৩৩%

$\therefore$  লভ্যাংশ বৃদ্ধির হার ১০% থেকে ২% কম হলে সাধারণ শেয়ার মূলধন ব্যয় হবে ১৭.৩৩৩৩%  
 উত্তর : ১৭.৩৩৩৩%

**প্রঃ ২৭** Metro Ltd এর ৫০০ কোটি টাকা মূলধন রয়েছে। যেখানে ঋণ মূলধন, অগ্রাধিকার শেয়ার মূলধন ও সাধারণ মূলধনের অনুপাত ২ : ২ : ১। ঋণকৃত মূলধনের সুদের হার ৫% ও অগ্রাধিকার শেয়ারের লভ্যাংশের হার ১০%। কোম্পানী তাদের সাধারণ শেয়ারের উপর ১৫% হারে লভ্যাংশ প্রদান করে। সাধারণ শেয়ারের লভ্যাংশ ৫% হারে বৃদ্ধি পাবে। কর হার ৩০%।

[অগ্রাধিকারী মূলধন এন্ড কলেজ, ঢাকা ● প্রশ্ন-৬]

- |   |   |
|---|---|
| ক. মূলধন মিশ্রণ কী?   | ১ |
| খ. শূন্য লভ্যাংশ বৃদ্ধি পদ্ধতিটি ব্যাখ্যা করো।                          | ২ |
| গ. কোম্পানীর সাধারণ শেয়ার ব্যয় ও অগ্রাধিকার শেয়ার ব্যয় নির্ণয় করো। | ৩ |
| ঘ. Metro Ltd এর গড় মূলধন ব্যয় নির্ণয় করো।                            | ৪ |

#### ২৭ নং প্রশ্নের উত্তর

**ক.** বিভিন্ন উৎস থেকে আনুপাতিক হারে তহবিল সংগ্রহ করে মোট মূলধন গঠন করাকে মিশ্রণ বলে।

**খ.** শূন্য লভ্যাংশ বৃদ্ধি পদ্ধতিতে মনে করা হয় কোম্পানি এ বছর যে পরিমাণ লভ্যাংশ দিয়েছে ভবিষ্যতের বছরগুলোতেও সমপরিমাণ লভ্যাংশ ঘোষণা করবে।

এ পদ্ধতিতে কোম্পানির শেয়ার মালিকদের প্রত্যাশিত লভ্যাংশের কোনো পরিবর্তন হয় না। যেমন: কোনো কোম্পানি যদি এ বছর শেয়ার প্রতি ১০ টাকা লভ্যাংশ ঘোষণা করে তাহলে এ পদ্ধতিতে ধরে নেওয়া হয় যে, পরবর্তী বছরগুলোতেও কোম্পানি ১০ টাকা করে লভ্যাংশ ঘোষণা করবে।

**গ.** সাধারণ শেয়ার ব্যয় নির্ণয় :

$$\text{আমরা জানি, সাধারণ শেয়ার ব্যয়} = \left( \frac{\text{লভ্যাংশ}}{\text{শেয়ার বাজারমূল্য}} + \text{বৃদ্ধির হার} \right) \times ১০০$$

দেওয়া আছে,

$$\text{শেয়ারের বাজারমূল্য} = ১০০ \text{ টাকা}$$

[প্রশ্নে দেওয়া না থাকায় বাজারমূল্য ১০০ টাকা ধরে নেয়া হলো]

$$\text{লভ্যাংশ} = ১০০ \times ১৫\% = ১৫ \text{ টাকা}$$

$$\text{বৃদ্ধির হার} = ৫\% = ০.০৫$$

$$\therefore \text{লভ্যাংশ} = ১৫\% \times (১ + ০.০৫)$$

$$= ১৫\% \times ১.০৫$$

$$= ১৫.৭৫\%$$

$$\therefore \text{সাধারণ শেয়ার ব্যয়} = \left( \frac{১৫.৭৫}{১০০} + ০.০৫ \right) \times ১০০$$

$$= (০.১৫৭৫ + ০.০৫) \times ১০০$$

$$= ০.২০৭৫ \times ১০০$$

$$= ২০.৭৫\%$$

$$\therefore \text{সাধারণ শেয়ার ব্যয়} = ২০.৭৫\%$$

$$\text{এবং অগ্রাধিকার শেয়ারের ব্যয়} = ১০\%$$

সাধারণত শেয়ারের অভিজিত মূল্য বা লিখিত মূল্যের ওপর লভ্যাংশ ঘোষণা করা হয়। যেমন : একটি কোম্পানির শেয়ারের লিখিত মূল্য ১০০ টাকা এবং বাজারমূল্য ১৫০ টাকা। প্রতি বছর কোম্পানি ১২% হারে লভ্যাংশ ঘোষণা করে।

$$\text{সুতরাং ঘোষণাকৃত লভ্যাংশ} = \text{লিখিত মূল্য} \times \text{লভ্যাংশের হার}$$

$$= ১০০ \times ১২\% = ১২ \text{ টাকা}$$

উল্লেখ্য, যেক্ষেত্রে প্রশ্নে শেয়ারের লিখিতমূল্য মূল্য থাকবে না সেক্ষেত্রে ১০০ টাকা ধরে সমাধান করা হলো।

উত্তর : ২০.৭৫% ও ১০%।

**ঘ.** Metro Ltd-এর গড় মূলধন ব্যয় নির্ণয় :

দেওয়া আছে,

$$\text{ঋণকৃত মূলধনের সুদের হার} = ৫\%$$

$$\text{কর হার} = ৩০\% = ০.৩০$$

$$\therefore \text{কর পরবর্তী ঋণকৃত মূলধনের সুদের হার} = ৫\% \times (১ - ০.৩০)$$

$$= ৫\% \times ০.৭০$$

$$= ৩.৫০\%$$

$$\text{সাধারণ শেয়ার ব্যয়} = ২০.৭৫\%$$

$$\text{অগ্রাধিকার শেয়ার ব্যয়} = ১০\%$$

$$\text{সাধারণ শেয়ারের ভার} = \frac{২}{৫} = ০.২০$$

$$\text{অগ্রাধিকার শেয়ারের ভার} = \frac{২}{৫} = ০.৪০$$

$$\text{ঋণকৃত মূলধনের ভার} = \frac{২}{৫} = ০.৪০$$

$$\therefore \text{গড় মূলধন ব্যয়} = (২০.৭৫ \times ০.২০) + (১০ \times ০.৪০) + (৩.৫০ \times ০.৪০)$$

$$= ৪.১৫ + ৪ + ১.৪$$

$$= ৯.৫৫\%$$

$$\text{Metro Ltd-এর গড় মূলধন ব্যয়} = ৯.৫৫\%$$

উত্তর : ৯.৫৫%।

**প্রঃ ২৮** সানোয়ার গ্রুপ লি. তাদের ব্যবসায়কে প্রসার করার লক্ষ্যে ব্যাংক থেকে ১০ কোটি টাকা ১৬% হারে ঋণ গ্রহণ করল। তাদের ঋণ মূলধন ব্যয় হবে ১৬% এবং করের হার ৪০%।

[রাজবাড়ী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় ● প্রশ্ন-৬]

- |   |   |
|---|---|
| ক. মূলধন খরচ কী?  | ১ |
| খ. ঝুঁকি বহুবিধকরণ বলতে কী বোঝায়?  | ২ |
| গ. উদ্দীপকের সূত্রের মাধ্যমে প্রতিষ্ঠানটির কর পরবর্তী ঋণের ব্যয় কত তা নির্ণয় করো।       | ৩ |
| ঘ. প্রতিষ্ঠানটি ব্যাংক ছাড়া অন্যান্য কোন উৎস থেকে মূলধন সংগ্রহ করতে পারবে তা আলোচনা করো। | ৪ |

#### ২৮ নং প্রশ্নের উত্তর

**ক.** বিভিন্ন উৎস থেকে সংগৃহীত মূলধনের মালিকদের প্রত্যাশিত আয় মেটাতে প্রতিষ্ঠানকে তার বিনিয়োগের ওপর সর্বনিম্ন যে হারে আয় প্রয়োজন সে হারকে মূলধন ব্যয় বলে।

**খ.** ঝুঁকি কমানোর জন্য বৈচিত্র্যায়নের নীতির ব্যবহারকে ঝুঁকি বহুবিধকরণ বলে।

ব্যবসায় প্রতিষ্ঠানের সাথে জড়িত ঝুঁকি পরিহার করার জন্য ব্যবসায়ীরা একই সাথে একাধিক প্রকল্পে বিনিয়োগ করে। একাধিক উৎস থেকে তহবিল সংগ্রহ করে। একের বেশি পণ্য নিয়ে ব্যবসায় করে। এ কাজগুলো বৈচিত্র্যায়নের নীতি ব্যবহার করে করা সম্ভব, যা ঝুঁকি বহুবিধকরণ নামে পরিচিত।



গ কর পরবর্তী ঋণের ব্যয় নির্ণয় :

আমরা জানি,

কর পরবর্তী ঋণের ব্যয় = করপূর্ব ঋণ মূলধন ব্যয়  $\times$  (১ - কর হার)

দেওয়া আছে,

করপূর্ব ঋণ মূলধন ব্যয় = ১৬% = ০.১৬

কর হার = ৪০% = ০.৪০

$\therefore$  করপরবর্তী ঋণের ব্যয় = ১৬%  $\times$  (১ - ০.৪০)

= ১৬%  $\times$  ০.৬০

= ৯.৬০%

$\therefore$  কর-পরবর্তী ঋণের ব্যয় ৯.৬০%

উত্তর : ৯.৬০%

ঘ প্রতিষ্ঠানটি ব্যাংক ছাড়াও শেয়ার ইস্যু, ঋণপত্র ও লিজিং-এর মাধ্যমে মূলধন সংগ্রহ করতে পারবে।

দীর্ঘমেয়াদের ক্ষেত্রে পাঁচ বছরের বেশি মেয়াদের জন্য তহবিল সংগ্রহ করা হয়। এই তহবিল ব্যবহার করে প্রতিষ্ঠান ব্যবসায় প্রসার ঘটায়।

উদ্দীপকের সানোয়ার গ্রুপ লি. তাদের ব্যবসায়কে প্রসার করতে চায়। এ জন্য প্রতিষ্ঠানটি ব্যাংক থেকে ১০ কোটি টাকা ঋণ নেয়। ঋণের ব্যয় ১৬% বা ০.১৬ এবং করের হার ৪০% বা ০.৪০। অর্থাৎ সানোয়ার গ্রুপ লি. ব্যবসায়ের প্রসারের জন্য দীর্ঘমেয়াদি মূলধন সংগ্রহ করেছে।

প্রতিষ্ঠানটি তাদের মূল্যবান যন্ত্রপাতি, দালানকোঠা ইত্যাদি স্থায়ী সম্পদ জামানতের মাধ্যমে ঋণ গ্রহণ করতে পারতো। এই ঋণের অর্থ প্রতিষ্ঠান সাধারণত ব্যবসায়ের প্রসার, কারখানা নির্মাণ প্রভৃতি কাজে ব্যয় করে।

এছাড়া প্রতিষ্ঠানটি নতুন করে সাধারণ শেয়ার বিক্রি করতে পারত। সাধারণ শেয়ার ইস্যু দীর্ঘমেয়াদি অর্থায়নের জনপ্রিয় উৎস। এছাড়া লিজিং-এর মাধ্যমে দীর্ঘমেয়াদি অর্থায়ন করা যায়। প্রতিষ্ঠান চাইলে লিজিং-এর মাধ্যমে প্রয়োজনীয় মেশিনারি ভাড়া নিয়ে অর্থায়ন করতে পারতো।

প্রশ্ন ২৯ সোনিয়া লিমিটেড ১,০০০ টাকা লিখিত মূল্যের ১০% অগ্রাধিকার শেয়ার বাজারে বিক্রির চিন্তা করছে এবং উত্তরন খরচ ৫ শতাংশ। প্রতিটি শেয়ারে এর বিক্রয়মূল্য ৯০০ টাকা হলে সোনিয়া লিমিটেড এর অগ্রাধিকার শেয়ার ব্যয় কত হবে?

[সাঁড়া মাদ্রাসারী মডেল স্কুল এন্ড কলেজ, ঈশ্বরদী, পাবনা • প্রশ্ন-৫]

- মূলধন ব্যয় কী? ১
- মূলধন ব্যয় কেন নিরূপণ করা হয়? ২
- উদ্দীপকের আলোকে অগ্রাধিকার শেয়ার ব্যয় নির্ণয় করো। ৩
- যদি উত্তরন খরচ না থাকে তবে অগ্রাধিকার শেয়ার ব্যয় কত হবে? ৪

২৯ নং প্রশ্নের উত্তর

ক বিভিন্ন উৎস থেকে সংগৃহীত মূলধনের মালিকদের প্রত্যাশিত আয় মেটাতে প্রতিষ্ঠানকে তার বিনিয়োগের ওপর সর্বনিম্ন যে হারে আয় প্রয়োজন সে হারকে মূলধন ব্যয় বলে।

খ মূলধন সরবরাহকারীদের প্রত্যাশিত চাহিদা মেটাতে প্রতিষ্ঠানকে সর্বনিম্ন যে হারে আয় করতে হয় তাকে মূলধন ব্যয় বলে।

কোনো বিনিয়োগ প্রকল্প থেকে মূলধন ব্যয়ের চাইতে বেশি হারে আয় করতে পারলে প্রকল্পটি লাভজনক হয়। তাই মূলধন ব্যয় ব্যতীত বিনিয়োগ প্রকল্প মূল্যায়ন সম্ভব নয়। আবার মূলধনের যেসব উৎসের ব্যয় সর্বনিম্ন ঐ উৎসগুলো থেকে মূলধন সংগ্রহ করা হয়। কারণ কম মূলধন ব্যয় বিনিয়োগের মুনাফাকে বাড়ায়। এজন্যই মূলধন ব্যয় জানা জরুরি। তাই বিনিয়োগ প্রকল্প মূল্যায়ন ও ঋণনীতি বাস্তবায়নে মূলধন ব্যয় নির্ণয় গুরুত্বপূর্ণ।

গ সোনিয়া লিমিটেড অগ্রাধিকার শেয়ারের ব্যয় নির্ণয় :

দেওয়া আছে,

অগ্রাধিকার শেয়ারের লিখিত মূল্য = ১,০০০ টাকা

লভ্যাংশের হার = ১০%

$\therefore$  প্রত্যাশিত লভ্যাংশ = ১,০০০  $\times$  ১০% = ১০০ টাকা

শেয়ারের বিক্রয়মূল্য = ৯০০ টাকা

উত্তরন ব্যয় = ১,০০০  $\times$  ৫% = ৫০ টাকা

আমরা জানি,

$$\begin{aligned} \text{অগ্রাধিকার শেয়ারের ব্যয়} &= \frac{\text{প্রত্যাশিত লভ্যাংশ}}{\text{শেয়ার বিক্রি থেকে প্রাপ্ত অর্থ}} \times ১০০ \\ &= \frac{\text{প্রত্যাশিত লভ্যাংশ}}{\text{শেয়ারের বিক্রয় মূল্য} - \text{উত্তরন ব্যয়}} \times ১০০ \\ &= \frac{১০০}{৯০০ - ৫০} \times ১০০ \\ &= \frac{১০০}{৮৫০} \times ১০০ \\ &= ১১.৭৬\% \end{aligned}$$

অতএব, সোনিয়া লিমিটেডের অগ্রাধিকার শেয়ারের ব্যয় ১১.৭৬%।

উত্তর : ১১.৭৬%।

ঘ উত্তরন খরচ না থাকলে সোনিয়া লিমিটেড এর অগ্রাধিকার শেয়ারের ব্যয় হবে-

দেওয়া আছে,

অগ্রাধিকার শেয়ারের লিখিত মূল্য = ১,০০০ টাকা

লভ্যাংশের হার = ১০%

প্রত্যাশিত লভ্যাংশ = ১,০০০  $\times$  ১০% = ১০০ টাকা

শেয়ারের বিক্রয়মূল্য = ৯০০ টাকা

আমরা জানি,

$$\begin{aligned} \text{অগ্রাধিকার শেয়ারের ব্যয়} &= \frac{\text{প্রত্যাশিত লভ্যাংশ}}{\text{শেয়ারের বাজারমূল্য}} \times ১০০ \\ &= \frac{১০০}{৯০০} \times ১০০ \\ &= ১১.১১\% \end{aligned}$$

অতএব, উত্তরন ব্যয় না থাকলে সোনিয়া লিমিটেডের অগ্রাধিকার শেয়ারের ব্যয় হবে ১১.১১%।

উত্তর : ১১.১১%।

প্রশ্ন ৩০ রিতি লি.-এর মোট মূলধন ২৫ লক্ষ টাকা। ১২% ঋণ মূলধন ৮ লক্ষ টাকা, ৮% অগ্রাধিকার শেয়ার মূলধন ১০ লক্ষ টাকা ও অবশিষ্ট সাধারণ শেয়ার মূলধন। সাধারণ শেয়ারের বাজারমূল্য ২১০ টাকা। সাধারণ শেয়ারে ৯% লভ্যাংশ প্রদান করা হবে যার বৃদ্ধির হার পূর্ববর্তী বছরের তুলনায় ৩% বেশি। [নায়ল স্কুল এন্ড কলেজ, সৈয়দপুর • প্রশ্ন-৬]

- মূলধন ব্যয় কী? ১
- সংরক্ষিত আয়ের সুযোগ ব্যয় কী? ব্যাখ্যা করো। ২
- সাধারণ শেয়ার ব্যয় নির্ণয় করো। ৩
- গড় মূলধন ব্যয় নির্ণয় করো। ৪

৩০ নং প্রশ্নের উত্তর

ক বিভিন্ন উৎস থেকে সংগৃহীত মূলধনের মালিকদের প্রত্যাশিত আয় মেটাতে প্রতিষ্ঠানকে তার বিনিয়োগের ওপর সর্বনিম্ন যে হারে আয় প্রয়োজন সে হারকে মূলধন ব্যয় বলে।

খ বিভিন্ন উৎস থেকে সংগৃহীত মূলধনের মালিকদের প্রত্যাশিত আয় মেটাতে প্রতিষ্ঠানকে তার বিনিয়োগের ওপর সর্বনিম্ন যে হারে আয় প্রয়োজন সে হারকে মূলধন ব্যয় বলে।

উদাহরণস্বরূপ, কোনো কোম্পানি অর্জিত মুনাফার সম্পূর্ণ অংশই শেয়ার মালিকদের বন্টন না করে ব্যবসায় বিনিয়োগ করলো। যদি শেয়ার মালিকরা এই অর্থ অন্যত্র বিনিয়োগ করে ১০% হারে আয়ে করতে পারে, তাহলে এই ১০% ই হবে কোম্পানির সংরক্ষিত আয়ের সুযোগ ব্যয়।

গ সাধারণ শেয়ার ব্যয় নির্ণয় :

আমরা জানি,

$$\text{সাধারণ শেয়ার মূলধন ব্যয়} = \left( \frac{\text{লভ্যাংশ}}{\text{শেয়ার বাজারমূল্য}} + \text{বৃদ্ধির হার} \right) \times ১০০$$



দেওয়া আছে,

শেয়ারের বাজারমূল্য = ২১০ টাকা

সাধারণ শেয়ারের লিখিতমূল্য = ১০০ টাকা (নোট)

লভ্যাংশ =  $১০০ \times ৯\% = ৯$  টাকা

বৃদ্ধির হার =  $৩\% = ০.০৩$

লভ্যাংশ<sub>১</sub> =  $৯ \times (১ + ০.০৩)$

=  $৯ \times ১.০৩$

= ৯.২৭ টাকা

∴ সাধারণ শেয়ার মূলধন ব্যয় =  $\left(\frac{৯.২৭}{২১০} + ০.০৩\right) \times ১০০$

=  $(০.০৪৪১৪২ + ০.০৩) \times ১০০$

=  $০.০৭৪১৪২ \times ১০০$

= ৭.৪১৪২%

∴ সাধারণ শেয়ার মূলধন ব্যয় ৭.৪১৪২%

নোট: সাধারণত শেয়ারের অভিহিত মূল্য বা লিখিত মূল্যের ওপর লভ্যাংশ ঘোষণা করা হয়। যেমন : একটি কোম্পানির শেয়ারের লিখিত মূল্য ১০০ টাকা এবং বাজারমূল্য ১৫০ টাকা। প্রতিবছর কোম্পানি ১২% হারে লভ্যাংশ ঘোষণা করে।

সুতরাং ঘোষণাকৃত লভ্যাংশ = লিখিত মূল্য  $\times$  লভ্যাংশের হার

=  $১০০ \times ১২\% = ১২$  টাকা।

উল্লেখ্য, যেক্ষেত্রে প্রশ্নে শেয়ারের লিখিতমূল্য মূল্য থাকবে না সেক্ষেত্রে ১০০ টাকা ধরে সমাধান করা হলো।

উত্তর : ৭.৪১৪২%

১৪. রিতি লি.-এর গড় মূলধন ব্যয় নির্ণয় :

দেওয়া আছে,

অগ্রাধিকার শেয়ার মূলধনের ব্যয় = ৮%

ঋণের সুদ = ১২%

সাধারণ শেয়ার মূলধনের ব্যয় = ৭.৪১৪২%

∴ মোট মূলধন = ২৫,০০,০০০ টাকা

ঋণ মূলধনের ভার =  $\frac{৮,০০,০০০}{২৫,০০,০০০} = ০.৩২$

অগ্রাধিকার শেয়ার মূলধনের ভার =  $\frac{১০,০০,০০০}{২৫,০০,০০০} = ০.৪০$

সাধারণ শেয়ার মূলধনের ভার =  $\frac{৭,০০,০০০}{২৫,০০,০০০} = ০.২৮$

গড় মূলধন ব্যয় =  $(৭.৪১৪২ \times ০.২৮) + (৮ \times ০.৪০) + (১২ \times ০.৩২)$   
=  $২.০৭৬ + ৩.২০ + ৩.৮৪$   
= ৯.১১৬%

∴ রিতি লি.-এর গড় মূলধনের ব্যয় ৯.১১৬%

উত্তর : ৯.১১৬%

১৫. শাহী লিমিটেড বছর শেষে ১০% হারে লভ্যাংশ দেবে বলে সিদ্ধান্ত নেয় এবং আগামী বছরগুলো এ লভ্যাংশ ৬% হারে বৃদ্ধি পাবে বলে কোম্পানি আশা করে। কোম্পানির শেয়ারের বর্তমান বাজার মূল্য ১২০ টাকা। সাধারণ শেয়ার ২,০০,০০০ টাকা।

[গাইবান্ধা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় • প্রশ্ন-৬]

- |   |   |
|---|---|
| ক. শূন্য লভ্যাংশ বৃদ্ধি পদ্ধতির সূত্রটি লিখ।  | ১ |
| খ. গড় মূলধনী ব্যয় বলতে কী বুঝ?  | ২ |
| গ. শাহী লিমিটেড এর মূলধনী ব্যয় নির্ণয় করো।  | ৩ |
| ঘ. উক্ত প্রতিষ্ঠানটি ১৫% হারে ঋণ গ্রহণ করলে এবং কর হার ৩০% হলে গড় মূলধনী ব্যয় নির্ণয় করো। ঋণের পরিমাণ ১,০০,০০০ টাকা। | ৪ |

৩১ নং প্রশ্নের উত্তর

ক. শূন্য লভ্যাংশ বৃদ্ধি পদ্ধতির সূত্রটি নিম্নরূপ। সাধারণ শেয়ারের

মূলধন ব্যয় =  $\frac{\text{লভ্যাংশ}_১}{\text{শেয়ার মূল্য}_০}$

খ. মূলধন সংগ্রহের বিভিন্ন উৎসের ব্যয়ের গড়কে গড় মূলধনী ব্যয় বলে।

প্রতিষ্ঠান সাধারণত শেয়ারের মাধ্যমে মূলধন সংগ্রহ করে। আবার, ঋণপত্রের মাধ্যমেও মূলধন সংগ্রহ করে। প্রত্যেকটি উৎসের ব্যয় ভিন্ন। প্রতিষ্ঠানে সাধারণত একাধিক উৎস থেকে মূলধন সংগ্রহ করে। তখন সবগুলো উৎসের গড় করে আমরা গড় মূলধন ব্যয় পাই।

গ. শাহী লিমিটেড এর মূলধনী ব্যয় নির্ণয় :

আমরা জানি,

সাধারণ শেয়ারের মূলধন ব্যয় =  $\left(\frac{\text{লভ্যাংশ}_১}{\text{শেয়ারের বাজারমূল্য}_০} + \text{প্রবৃদ্ধির হার}\right) \times ১০০$

দেওয়া আছে,

সাধারণ শেয়ারের লিখিত মূল্য = ১০০ টাকা (নোট)

লভ্যাংশ =  $১০০ \times ১০\% = ১০$  টাকা

শেয়ারের বাজারমূল্য = ১২০ টাকা

বৃদ্ধির হার =  $৬\% = ০.০৬$

লভ্যাংশ<sub>১</sub> = লভ্যাংশ<sub>০</sub>  $\times$  (১ + বৃদ্ধির হার)

=  $১০ \times (১ + ০.০৬)$

=  $১০ \times ১.০৬$

= ১০.৬ টাকা

∴ সাধারণ শেয়ারের মূলধন ব্যয় =  $\left(\frac{১০.৬}{১২০} + ০.০৬\right) \times ১০০$

=  $(০.০৮৮৩৩৩৩ + ০.০৬) \times ১০০$

=  $০.১৪৮৩ \times ১০০$

= ১৪.৮৩%

∴ সাধারণ শেয়ারের মূলধন ব্যয় ১৪.৮৩%

উত্তর : ১৪.৮৩%

নোট: সাধারণত শেয়ারের অভিহিত মূল্য বা লিখিত মূল্যের ওপর লভ্যাংশ ঘোষণা করা হয়। যেমন : একটি কোম্পানির শেয়ারের লিখিত মূল্য ১০০ টাকা এবং বাজারমূল্য ১৫০ টাকা। প্রতি বছর কোম্পানি ১২% হারে লভ্যাংশ ঘোষণা করে।

সুতরাং ঘোষণাকৃত লভ্যাংশ = লিখিত মূল্য  $\times$  লভ্যাংশের হার

=  $১০০ \times ১২\% = ১২$  টাকা।

উল্লেখ্য, যেক্ষেত্রে প্রশ্নে শেয়ারের লিখিতমূল্য মূল্য থাকবে না সেক্ষেত্রে ১০০ টাকা ধরে সমাধান করা হলো।

খ. গড় মূলধনী ব্যয় নির্ণয়

দেওয়া আছে,

মোট মূলধন =  $(২,০০,০০০ + ১,০০,০০০)$  টাকা

= ৩,০০,০০০ টাকা

সাধারণ শেয়ারের ভার =  $\frac{২,০০,০০০}{৩,০০,০০০} = ০.৬৬৬৬৬৬৬৬ = ০.৬৭$

ঋণ মূলধনের ভার =  $\frac{১,০০,০০০}{৩,০০,০০০} = ০.৩৩৩৩৩ = ০.৩৩$

ঋণের সুদের হার =  $১৫\% = ০.১৫$

কর হার =  $৪০\% = ০.৪০$

∴ কর সমন্বয়কৃত ঋণ মূলধনের হার =  $১৫\% \times (১ - ০.৪০)$

=  $১৫\% \times ০.৬০$

= ৯%

= ০.০৯

∴ গড় মূলধন ব্যয় =  $(১৪.৮৩ \times ০.৬৭) + (৯ \times ০.৩৩)$

=  $৯.৯৩৬১ + ২.৯৭$

= ১২.৯১%

∴ নির্ণেয় গড় মূলধন ব্যয় ১২.৯১%

উত্তর : ১২.৯১%।



প্রশ্ন ৩২ মেঘনা কোম্পানি লি.-এর তথ্যগুলো নিম্নরূপ:

- মোট মূলধন ৮০০ কোটি টাকা।
- সাধারণ শেয়ার মূলধন ৩০০ কোটি টাকা।
- ১১% অগ্রাধিকার শেয়ার মূলধন ২৫০ কোটি টাকা।
- ৯% ঋণ মূলধন ২৫০ কোটি টাকা।
- সাধারণ শেয়ারের বাজার মূল্য ৩২০ টাকা।

তাছাড়া কোম্পানি এ বছর সাধারণ শেয়ার মালিকদের প্রতি শেয়ারে ১৮ টাকা লভ্যাংশ প্রদান করেছে, যা অতীতে কোম্পানি প্রদত্ত লভ্যাংশের ৭% বৃদ্ধি পেয়েছে। কর হার ৩৫%।

[বাংলাদেশ নৌবাহিনী স্কুল ও কলেজ, চট্টগ্রাম • প্রশ্ন-৫]

- অবশিষ্ট মুনাফা কাকে বলে? ১
- তহবিল সংগ্রহের বাহ্যিক উৎস জনপ্রিয় কেন? ব্যাখ্যা করো। ২
- মেঘনা কোম্পানি লি.-এর সাধারণ শেয়ার মূলধন ব্যয় নির্ণয় করো। ৩
- মেঘনা কোম্পানি লি.-এর গড় মূলধন ব্যয় কত হবে তা নির্ণয় করো। ৪

### ৩২ নং প্রশ্নের উত্তর

ক. মুনাফার যে অংশ শেয়ারহোল্ডারদের মধ্যে বন্টন না করে কারবারে বিনিয়োগ করা হয় তাই অবশিষ্ট মুনাফা।

খ. তহবিল সংগ্রহের জন্য বাহ্যিক উৎসগুলো অভ্যন্তরীণ উৎসের চেয়ে বেশি লাভজনক হওয়ায় এটি জনপ্রিয়।

গ. বাহ্যিক উৎসসমূহ যেমন: ব্যাংক থেকে ঋণ গ্রহণ করার মাধ্যমে ব্যবসায় দীর্ঘমেয়াদি অর্থসংস্থান করে। এ উৎসটি জনপ্রিয় হওয়ার দুইটি কারণ আছে। প্রথমত, এ উৎসের সুদ পরিশোধের পরে মুনাফার ওপর কর ধার্য করা হয় বলে কর কম দিতে হয়। আর ছোট ছোট ব্যবসায়ের মূলধনের প্রয়োজন অনেক সময় অভ্যন্তরীণ অর্থায়নের তুলনায় বেশি হয়। সেক্ষেত্রে বহিস্থ তহবিলই প্রধান উৎস হিসেবে কাজ করে।

ঘ. সাধারণ শেয়ার মূলধন ব্যয় নির্ণয় :

আমরা জানি,

$$\text{সাধারণ শেয়ারের মূলধন ব্যয়} = \left( \frac{\text{লভ্যাংশ}_1}{\text{শেয়ারের বর্তমান মূল্য}_0} + \text{বৃদ্ধির হার} \right) \times 100$$

এখানে, বর্তমান বছরের লভ্যাংশ, লভ্যাংশ<sub>১</sub> = ১৮ টাকা

লভ্যাংশ বৃদ্ধির হার = ০.০৭

পরবর্তী বছরের লভ্যাংশ, লভ্যাংশ<sub>২</sub> = লভ্যাংশ<sub>১</sub> (১ + বৃদ্ধির হার)

$$= 18 (1 + 0.07)$$

$$= 19.26 \text{ টাকা}$$

শেয়ারের বর্তমান বাজার মূল্য, শেয়ারমূল্য<sub>০</sub> = ৩২০ টাকা

$$\therefore \text{সাধারণ শেয়ারের মূলধন ব্যয়} = \left( \frac{19.26}{320} + 0.07 \right) \times 100$$

$$= (0.06 + 0.07) \times 100$$

$$= 0.13 \times 100$$

$$= 13\%$$

$\therefore$  সাধারণ শেয়ারের মূলধন ব্যয় ১৩%

উত্তর : ১৩%

খ. মেঘনা কোম্পানি লি. এর গড় মূলধন ব্যয় নিরূপণ :

দেওয়া আছে,

অগ্রাধিকার শেয়ার মূলধনের ব্যয় = ১১%

সাধারণ শেয়ার মূলধনের ব্যয় = ১৩% [গ থেকে প্রাপ্ত]

কর-পরবর্তী ঋণ মূলধনের ব্যয় = ৯% × (১ - কর হার)

$$= 9\% \times (1 - 0.35)$$

$$= 5.85\%$$

$$\text{সাধারণ শেয়ার মূলধনের ভার} = \frac{300}{800} = 0.3750$$

$$\text{ঋণ মূলধনের ভার} = \frac{250}{800} = 0.3125$$

$$\text{অগ্রাধিকার শেয়ার মূলধনের ভার} = \frac{250}{800} = 0.3125$$

$$\begin{aligned} \therefore \text{গড় মূলধন ব্যয়} &= (10 \times 0.3750) + (5.85 \times 0.3125) \times (11 \times 0.3125) \\ &= 8.895 + 1.828125 + 3.8395 \\ &= 10.58\% \end{aligned}$$

$\therefore$  মেঘনা কোম্পানির গড় মূলধন ব্যয় ১০.১৪%

উত্তর : ১০.১৪%।

প্রশ্ন ৩৩ জনাব রাতুল গ্লোবাল কোম্পানির সাধারণ শেয়ার এবং ১৬% অগ্রাধিকার শেয়ারে সমানভাবে বিনিয়োগ করতে চান। সাধারণ শেয়ার ও অগ্রাধিকার শেয়ারের বাজারমূল্য যথাক্রমে ২৫০ টাকা এবং ১৫০ টাকা। কোম্পানি এ বছর সাধারণ শেয়ার মালিকদের প্রতি শেয়ারে ১৫ টাকা লভ্যাংশ প্রদান করেছে এবং অতীতে কোম্পানি কর্তৃক প্রদত্ত লভ্যাংশ ৬.৫% হারে বৃদ্ধি পেয়েছে।

[আদালত ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, সিলেট • প্রশ্ন-৫]

- মূলধন মিশ্রণ কী? ১
- সংরক্ষিত আয়ের সুযোগ ব্যয় ব্যাখ্যা করো। ২
- উপর্যুক্ত তথ্যের আলোকে সাধারণ শেয়ার মূলধন নির্ণয় করো। ৩
- জনাব রাতুলের মূলধন মিশ্রণ ব্যবহার করা যৌক্তিক হবে কিনা মূল্যায়ন করো। ৪

### ৩৩ নং প্রশ্নের উত্তর

ক. ঋণপত্র, অগ্রাধিকার শেয়ার, সাধারণ শেয়ার ও সংরক্ষিত মুনাফার মিশ্রণে মূলধন গঠন করাই হলো মূলধন মিশ্রণ।

খ. অর্থের অন্যত্র বিনিয়োগে প্রাপ্ত আয় থেকে বৃদ্ধিত হওয়াকেই সংরক্ষিত আয়ের সুযোগ ব্যয় বলা হয়।

গ. উদাহরণস্বরূপ, কোনো কোম্পানি অর্জিত মুনাফার সম্পূর্ণ অংশই শেয়ার মালিকদের বন্টন না করে ব্যবসায় বিনিয়োগ করলো। যদি শেয়ার মালিকরা এই অর্থ অন্যত্র বিনিয়োগ করে ১০% হারে আয়ে করতে পারে, তাহলে এই ১০% ই হবে কোম্পানির সংরক্ষিত আয়ের সুযোগ ব্যয়।

ঘ. গ্লোবাল কোম্পানির সাধারণ শেয়ারের ব্যয় নির্ণয় :

আমরা জানি,

স্থির লভ্যাংশ বৃদ্ধি পদ্ধতিতে

$$\text{সাধারণ শেয়ারের ব্যয়} = \left( \frac{\text{লভ্যাংশ}_1}{\text{শেয়ারের মূল্য}_0} + \text{বৃদ্ধির হার} \right) \times 100$$

এখানে,

লভ্যাংশ<sub>১</sub> = শেয়ার প্রতি লভ্যাংশ × (১ + বৃদ্ধির হার)

$$= 15 \times (1 + 0.065)$$

$$= 15.975 \text{ টাকা}$$

শেয়ারের বর্তমান মূল্য<sub>০</sub> = ২৫০ টাকা

লভ্যাংশ বৃদ্ধির হার = ৬.৫% বা ০.০৬৫

$$\therefore \text{সাধারণ শেয়ারের মূলধন ব্যয়} = \left( \frac{15.975}{250} + 0.065 \right) \times 100$$

$$= (0.0639 + 0.065) \times 100$$

$$= 0.1289 \times 100$$

$$= 12.89\%$$

সুতরাং গ্লোবাল কোম্পানির সাধারণ শেয়ারের ব্যয় ১২.৮৯%।

উত্তর : ১২.৮৯%।



৭ জনাব রাতুল মূলধন মিশ্রণ ব্যবহার করার যৌক্তিকতা নির্ণয় :  
জনাব রাতুল গ্লোবাল কোম্পানির সাধারণ শেয়ার ও অগ্রাধিকার শেয়ারে সমানভাবে বিনিয়োগ করতে চান।

অর্থাৎ, সাধারণ শেয়ারের মূলধনের ভার = .৫০

এবং অগ্রাধিকার শেয়ার মূলধনের ভার = .৫০

সাধারণ শেয়ারের ব্যয় = ১২.৮৯% (গ হতে প্রাপ্ত)

অগ্রাধিকার শেয়ারের ব্যয় = ১৬% (দেওয়া আছে)

∴ গড় মূলধন ব্যয় =  $(১২.৮৯ \times ০.৫০) + (১৬ \times ০.৫০)$

= ৬.৪৪৫ + ৮%

= ১৪.৪৫%

মূলধন ব্যয় কোম্পানির জন্য ব্যয় যা বিনিয়োগকারীদের জন্য আয়। উদ্দীপকে জনাব রাতুল গ্লোবাল কোম্পানির একজন বিনিয়োগকারী। সাধারণ শেয়ারে বিনিয়োগ করলে তার আয় হার ১২.৮৯%। অন্যদিকে, মূলধন মিশ্রণে বিনিয়োগ করলে তার আয় ১৪.৪৫%। যেহেতু সাধারণ শেয়ার থেকে মূলধন মিশ্রণে আয়ের হার বেশি তার উচিত মূলধন মিশ্রণ ব্যবহার করা। পক্ষান্তরে অগ্রাধিকার শেয়ারের আয় ১৬% হতে মূলধন মিশ্রণের আয় কম। অগ্রাধিকার শেয়ারের এ আয় নির্দিষ্ট কিন্তু মালিকানা পাওয়া যায় না। তাই মালিকানাবিহীন নির্দিষ্ট হারে আয় করতে চাইলে জনাব রাতুলের মূলধন মিশ্রণ ব্যবহার করা যৌক্তিক নয়। কিন্তু মালিকানা সহ আর ভবিষ্যতে অধিক আয়ের জন্য মূলধন মিশ্রণ ব্যবহার যৌক্তিক।

৩৪ জনাব আকরাম নতুন একটি প্রকল্প গ্রহণ করেন। এ প্রকল্পের জন্য তার ৩০ লক্ষ টাকা প্রয়োজন। এই ৩০ লক্ষ টাকার মধ্যে ১৫ লক্ষ টাকা শেয়ার বিক্রির মাধ্যমে এবং ১৫ লক্ষ টাকা ব্যাংকে ঋণ নেয়ার সিদ্ধান্ত নেন। শেয়ার মালিকরা আশা করে ১৫% লভ্যাংশ পাবে এবং ব্যাংককে তিনি ১০% সুদ দিতে সম্মত হন।

[অবিগ্ন বালিকা উচ্চ বিদ্যালয় • প্রশ্ন-৪]

- |   |   |
|---|---|
| ক. ঋণ মূলধনের প্রধান উৎস কোনটি?   | ১ |
| খ. প্রত্যাশিত আয় বলতে কি বোঝায়?   | ২ |
| গ. জনাব আকরামের নতুন প্রকল্পের জন্য সর্বনিম্ন কত হারে আয় করা প্রয়োজন?   | ৩ |
| ঘ. আকরামের ঋণকৃত মূলধনের ৩০% কর ধার্য করা হলে তা কতটুকু গুরুত্ব বহন করবে? | ৪ |

#### ৩৪ নং প্রশ্নের উত্তর

ক. ঋণ মূলধনের প্রধান উৎস ব্যাংক থেকে ঋণ নেওয়া।

খ. বিভিন্ন উৎস থেকে তহবিল সংগ্রহের ক্ষেত্রে বিনিয়োগকারীর লক্ষ্য অর্জনে যে ন্যূনতম পরিমাণ আয় করতে হয় তাকে প্রত্যাশিত আয় বলে। একজন বিনিয়োগকারী অর্থায়নের ক্ষেত্রে প্রথমত মূলধন খরচ নির্ধারণ করেন। এ মূলধন খরচ মেটাতে বিনিয়োগের ওপর সর্বনিম্ন যে হারে আয় প্রয়োজন হয় তাকে প্রত্যাশিত আয় বলা হয়।

গ. জনাব আকরামের নতুন প্রকল্পের জন্য সর্বনিম্ন আয়ের হার নির্ণয় :  
আমরা জানি,

$$\text{সর্বনিম্ন আয়ের হার} = (\text{শেয়ার মূলধনের ব্যয়} \times \text{শেয়ার মূলধনের ভার}) + (\text{ঋণের সুদ} \times \text{ঋণ মূলধনের ভার})$$

দেওয়া আছে,

$$\text{শেয়ার মূলধন ব্যয়} = ১৫\% = ০.১৫$$

$$\text{ঋণের সুদ} = ১০\% = ০.১০$$

$$\text{মোট মূলধন} = ৩০,০০,০০০$$

$$\text{শেয়ার মূলধনের ভার} = \frac{১৫,০০,০০০}{৩০,০০,০০০} = ০.৫০$$

$$\text{ঋণ মূলধনের ভার} = \frac{১৫,০০,০০০}{৩০,০০,০০০}$$

$$\begin{aligned} \therefore \text{সর্বনিম্ন আয়ের হার} &= (১৫ \times ০.৫০) + (১০ \times ০.৫০) \\ &= (৭.৫০ + ৫) \\ &= ১২.৫০\% \end{aligned}$$

∴ জনাব আকরামের নতুন প্রকল্পের জন্য সর্বনিম্ন আয়ের হার ১২.৫০%  
উত্তর : ১২.৫%

ঘ. জনাব আকরামের ঋণকৃত মূলধনের উপর ৩০% কর ধার্য করলে ইতিবাচক গুরুত্ব বহন করবে।

উদ্দীপকে জনাব আকরাম নতুন একটি প্রকল্প গ্রহণ করেছেন। এ প্রকল্পের জন্য তার ৩০,০০,০০০ টাকা প্রয়োজন। এই টাকার মধ্যে তিনি ১৫,০০,০০০ টাকা শেয়ার বিক্রির মাধ্যমে অর্থায়ন করতে চান। বাকি ১৫,০০,০০০ টাকা তিনি ব্যাংক থেকে ঋণ নেওয়ার সিদ্ধান্ত নেন। ব্যাংক জনাব আকরামকে ১০% সুদে উক্ত টাকা ঋণ দিতে চায়। এই ঋণকৃত টাকার উপর ৩০% কর ধার্য করলে ঋণের সুদ কমে যাবে।

প্রতিষ্ঠান সাধারণত এক বা একাধিক উৎস থেকে অর্থ সংস্থান করে। অর্থসংস্থানের জন্য ব্যাংক থেকে ঋণ গ্রহণ খুব জনপ্রিয়। ঋণকৃত মূলধনের উপর কর ধার্য করা হলে প্রতিষ্ঠানের ব্যয় কমে যায়। কারণ ঋণের সুদ বাদ দেওয়ার পর করযোগ্য মুনাফা বের করা হয়। এর ফলে করের জন্য কম টাকা দিতে হয় এবং নিট মুনাফা বেড়ে যায়। যা প্রতিষ্ঠানের জন্য ইতিবাচক। সুতরাং ৩০% কর ধার্য করা হলে উদ্দীপকের জনাব আকরামের জন্য ইতিবাচক হবে।

৩৫ এম. ফ্যাশন লি. ৫০ লক্ষ টাকার সাধারণ শেয়ার বাজারে ছাড়ে, কোম্পানির শেয়ারের বর্তমান বাজার মূল্য ১,৫০০ টাকা। কোম্পানিটি বছর শেষে প্রতি শেয়ারে ১৫% হারে লভ্যাংশ দেয় এবং আগামী বছরগুলোতেও এ লভ্যাংশ ১০% হারে বৃদ্ধি পাবে বলে আশা করে।

[অরুণকোচ মিশন হাইস্কুল, বরিশাল • প্রশ্ন-৫]

- |   |   |
|---|---|
| ক. লভ্যাংশ কী?  | ১ |
| খ. শূন্য লভ্যাংশ বৃদ্ধি পদ্ধতিটি ব্যাখ্যা করো।                            | ২ |
| গ. এম ফ্যাশন লি: এর মূলধন ব্যয় নির্ণয় করো।                              | ৩ |
| ঘ. বিনিয়োগকারীদের সাধারণ শেয়ারের প্রতি আগ্রহী হওয়ার কারণ বিশ্লেষণ করো। | ৪ |

#### ৩৫ নং প্রশ্নের উত্তর

ক. প্রতিষ্ঠানের অর্জিত মুনাফার যে অংশ শেয়ার মালিকদের মধ্যে বন্টন করা হয় তাই লভ্যাংশ।

খ. শূন্য লভ্যাংশ বৃদ্ধি পদ্ধতিতে মনে করা হয় কোম্পানি এ বছর যে পরিমাণ লভ্যাংশ দিয়েছে ভবিষ্যতের বছরগুলোতেও সমপরিমাণ লভ্যাংশ ঘোষণা করবে।

এ পদ্ধতিতে কোম্পানির শেয়ার মালিকদের প্রত্যাশিত লভ্যাংশের কোনো পরিবর্তন হয় না। যেমন: কোনো কোম্পানি যদি এ বছর শেয়ার প্রতি ১০ টাকা লভ্যাংশ ঘোষণা করে তাহলে এ পদ্ধতিতে ধরে নেওয়া হয় যে, পরবর্তী বছরগুলোতেও কোম্পানি ১০ টাকা করে লভ্যাংশ ঘোষণা করবে।

গ. এম ফ্যাশন লি: এর মূলধন ব্যয় নির্ণয় :  
আমরা জানি,

$$\text{সাধারণ শেয়ার মূলধন ব্যয়} = \left( \frac{\text{লভ্যাংশ}}{\text{সাধারণ শেয়ারের বাজারমূল্য}} + \text{বৃদ্ধির হার} \right) \times ১০০$$

দেওয়া আছে,

$$\text{শেয়ারের বাজারমূল্য} = ১,৫০০ \text{ টাকা}$$

$$\text{সাধারণ শেয়ারের লিখিত মূল্য} = ১০০ \text{ টাকা (নোট)}$$

$$\text{লভ্যাংশ} = ১০০ \times ১৫\%$$

$$= ১৫ \text{ টাকা}$$

$$\text{বৃদ্ধির হার} = ১০\% = ০.১০$$

$$\text{লভ্যাংশ} = ১৫ \times (১ + ০.১০)$$

$$= ১৫ \times ১.১০$$

$$= ১৬.৫০\%$$



$$\begin{aligned} \therefore \text{সাধারণ শেয়ার মূলধন ব্যয়} &= \left( \frac{16.50}{1,500} + 0.10 \right) \times 100 \\ &= (0.011 + 0.10) \times 100 \\ &= 0.111 \times 100 \\ &= 11.10\% \end{aligned}$$

\therefore এম ফ্যাশন লি.-এর মূলধন ব্যয় 11.10%

উত্তর : 11.10%।

**ঘ** অধিক মুনাফা পাওয়ার সম্ভাবনা থাকায় বিনিয়োগকারীরা সাধারণ শেয়ারের প্রতি আগ্রহী।

যে শেয়ারে বিনিয়োগ করার মাধ্যমে বিনিয়োগকারী প্রতিষ্ঠানের মালিকানা লাভ করে তাকে সাধারণ শেয়ার বলে।

প্রতিষ্ঠান বড় অঙ্কের মূলধনকে ছোট ছোট অংশে বিভক্ত করে বিক্রি করে। ফলে ছোট বিনিয়োগকারীরাও সে অংশ শেয়ার হিসেবে কিনতে পারে। বিনিয়োগকারীরা এ অর্থ ফেরত পান না। তবে অর্থের প্রয়োজন পড়লে এ শেয়ার সেকেন্ডারি মার্কেটে বিক্রি করা যায়। প্রতিষ্ঠানের লাভ হলে এরা লভ্যাংশ পান।

সাধারণ শেয়ারে বিনিয়োগে বিনিয়োগকারীরা নির্দিষ্ট হারে লভ্যাংশ পান না। এক্ষেত্রে শেয়ার মালিকদের মুনাফার ঝুঁকি থাকে। কারণ অনেক সময় প্রতিষ্ঠান পর্যাপ্ত মুনাফা অর্জন করতে পারে না। সেক্ষেত্রে এ শেয়ারে বিনিয়োগকারীদের কিছুই না পাবার আশঙ্কা থাকে। তবে প্রতিষ্ঠানের মুনাফা বাড়লে এদেরও মুনাফা বাড়ে। সুতরাং অধিক ঝুঁকির পাশাপাশি এ শেয়ারে মুনাফা পাওয়ার সম্ভাবনাও অধিক। তাই বিনিয়োগকারীরা সাধারণ শেয়ারের প্রতি আগ্রহী।

নোট : সাধারণত শেয়ারের অভিহিতমূল্য বা লিখিত মূল্যের ওপর লভ্যাংশ ঘোষণা করা হয়। যেমন : একটি কোম্পানির শেয়ারের লিখিত মূল্য 100 টাকা এবং বাজারমূল্য 150 টাকা। প্রতি বছর কোম্পানি 12% হারে লভ্যাংশ ঘোষণা করে।

$$\begin{aligned} \text{সুতরাং ঘোষণাকৃত লভ্যাংশ} &= \text{লিখিত মূল্য} \times \text{লভ্যাংশের হার} \\ &= 100 \times 12\% = 12 \text{ টাকা} \end{aligned}$$

উল্লেখ্য যেক্ষেত্রে প্রণে শেয়ারের লিখিতমূল্য মূল্য থাকবে না সেক্ষেত্রে 100 টাকা ধরে সমাধান করা হলো।

**প্রশ্ন 36** খান সঙ্গ তাদের নতুন প্রকল্পের জন্য মূলধন সংগ্রহের সিদ্ধান্ত নিল। এক্ষেত্রে তারা নিম্নোক্ত উৎস হতে তা সংগ্রহ করতে পারে।

- 18% সুদে ব্যাংক হতে ঋণ গ্রহণ। করহার 30%।
- 12% অগ্রাধিকার শেয়ার ইস্যু, যার লিখিত মূল্য 100 টাকা ও বাজার মূল্য 80 টাকা।
- 100 টাকার লিখিত মূল্যে সাধারণ শেয়ার ইস্যু করা, যার বাজারমূল্য 110 টাকা। বর্তমান বছরে কোম্পানি 18% লভ্যাংশ ঘোষণা করল। বিগত বছরগুলোতে দেখা যায় কোম্পানি প্রতি বছর 3% হারে লভ্যাংশ বৃদ্ধি করে।

*উদয়ন মাধ্যমিক বিদ্যালয়, বরিশাল ● প্রশ্ন-৬/*

- সংরক্ষিত আয় কি? 1
- কাম্য ঋণনীতি বলতে কি বুঝ? 2
- সাধারণ শেয়ার মূলধন ব্যয় নির্ণয় করো। 3
- কোন উৎস হতে মূলধন সংগ্রহ করা কোম্পানির জন্য লাভজনক হবে। 4

**36 নং প্রশ্নের উত্তর**

**ক** প্রতিষ্ঠানের মুনাফার পুরো অংশ শেয়ার মালিকদের মধ্যে লভ্যাংশ হিসেবে বন্টন না করে যে অংশ প্রতিষ্ঠানে রেখে দেওয়া হয় তাই সংরক্ষিত আয়।

**খ** কাম্য ঋণনীতি বলতে মোট মূলধনের কত অংশ ঋণ থেকে সংগ্রহ করা হবে সে সংক্রান্ত নীতিকে বোঝায়।

প্রতিষ্ঠান তার মোট মূলধনের কিছু অংশ ঋণ করে সংগ্রহ করতে পারে। সেক্ষেত্রে প্রতিষ্ঠানকে গড় মূলধন খরচ বিবেচনায় রাখতে হয়। সাধারণত ঋণকৃত তহবিলের মূলধন ব্যয় সর্বনিম্ন হয়। এজন্য

প্রতিষ্ঠানকে এমন পরিমাণ ঋণ সংগ্রহ করতে হয় যেন গড় মূলধন খরচ সর্বনিম্ন হয়। মূলধন খরচ মাথায় রেখে কী পরিমাণ ঋণ নেওয়া হবে সেটি নির্ধারণ করাই কাম্য ঋণনীতি।

**গ** খান সঙ্গের সাধারণ শেয়ার মূলধন নির্ণয় :

আমরা জানি,

স্থির লভ্যাংশ বৃদ্ধি পদ্ধতিতে

$$\text{সাধারণ শেয়ারের মূলধন ব্যয়} = \left( \frac{\text{লভ্যাংশ}_1}{\text{শেয়ার মূল্য}_0} + \text{বৃদ্ধির হার} \right) \times 100$$

এখানে,

$$\begin{aligned} \text{শেয়ার প্রতি লভ্যাংশ, লভ্যাংশ}_0 &= \text{শেয়ারের লিখিত মূল্য} \times \text{লভ্যাংশ হার} \\ &= 100 \times 18\% \\ &= 18 \text{ টাকা} \end{aligned}$$

$$\text{লভ্যাংশ}_1 = \text{লভ্যাংশ}_0 \times (1 + \text{বৃদ্ধির হার})$$

$$= 18 \times (1 + 0.03)$$

$$= 18 \times 1.03$$

$$= 18.54 \text{ টাকা}$$

$$\text{বৃদ্ধির হার} = \text{লভ্যাংশ বৃদ্ধির হার}$$

$$= 3\% \text{ বা } 0.03$$

$$\begin{aligned} \therefore \text{শেয়ার মূলধন} &= \text{সাধারণ শেয়ারের বাজারমূল্য} \\ &= 110 \text{ টাকা} \end{aligned}$$

$$\begin{aligned} \therefore \text{সাধারণ শেয়ারের মূলধন ব্যয়} &= \left( \frac{18.54}{110} + 0.03 \right) \times 100 \\ &= (0.1685 + 0.03) \times 100 \\ &= 0.1985 \times 100 \\ &= 19.85\% \end{aligned}$$

$$\therefore \text{সাধারণ শেয়ার মূলধন ব্যয় } 19.85\%$$

উত্তর : 19.85%

**ঘ** কোন উৎস হতে মূলধন সংগ্রহ করা কোম্পানির জন্য লাভজনক তা জানার জন্য খান সঙ্গকে প্রতিটি উৎসের মূলধন ব্যয় বের করতে হবে।

$$\text{সাধারণ শেয়ারের মূলধন ব্যয়} = 19.85\% \text{ (গ থেকে প্রাপ্ত)}$$

$$\text{কর-সমন্বিত ঋণ মূলধন ব্যয়} = \text{ঋণের সুদ} \times (1 - \text{কর হার})$$

এখানে,

$$\text{ঋণের সুদ} = 18\%$$

$$\text{কর হার} = 30\% \text{ বা } 0.30$$

$$\therefore \text{কর সমন্বিত ঋণ মূলধন ব্যয়} = 18 \times (1 - 0.30)$$

$$= 18 \times 0.70$$

$$= 12.6\%$$

অগ্রাধিকার শেয়ার মূলধন ব্যয় নির্ণয় :

$$\text{অগ্রাধিকার শেয়ার মূলধন ব্যয়} = \frac{\text{শেয়ার মালিকদের প্রত্যাশিত লভ্যাংশ}}{\text{শেয়ার বাজার মূল্য বা বিক্রয়মূল্য}} \times 100$$

এখানে,

$$\text{শেয়ার মালিকদের প্রত্যাশিত লভ্যাংশ} = \text{শেয়ারের লিখিত মূল্য} \times \text{লভ্যাংশ হার}$$

$$= 100 \times 12\%$$

$$= 12 \text{ টাকা}$$

$$\text{শেয়ারের বাজার মূল্য} = 80 \text{ টাকা}$$

$$\therefore \text{অগ্রাধিকার শেয়ার মূলধন ব্যয়} = \frac{12}{80} \times 100$$

$$= 15 \times 100$$

$$= 15\%$$

খান সঙ্গের সাধারণ শেয়ার মূলধন ব্যয় 19.85%, ঋণ মূলধন ব্যয় 12.6% ও অগ্রাধিকার শেয়ার মূলধন ব্যয় 15%। যেহেতু ঋণ মূলধন ব্যয় সব চেয়ে কম। তাই এ উৎস থেকে মূলধন সংগ্রহ করা খান সঙ্গের জন্য লাভজনক হবে।